Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmrbbd@gmail.com

Srabon 31, 1429 Bangla, August 15, 2022, Monday, No. 228, 52nd year

H I G H L I G H T S

Nation is observing National Mourning Day and 47th martyrdom anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman with due respect and solemnity. Prime Minister Sheikh Hasina pays tribute to Bangabandhu. (R. Today: 13)

PM Sheikh Hasina says, she fully understands the sufferings of the people due to the recent price hike of fuel oil and electricity rationing. (VOA: 5)

Referring to BNP's ongoing movement, PM Sheikh Hasina says, the opposition should be allowed to protest & not to be harassed - adds, she has given strict orders that no one should be arrested. (R. Tehran: 9)

Information & Broadcasting Minister raises the question why Ziaur Rahman is suited and booted early on the day of Bangabandhu's assassination as if he was waiting to hear the murder? (R. Today: 15)

The government sees the visit of UN High Commissioner for Human Rights Michelle Bachelet as an opportunity to present its position & try to clear misconception among UN officials about extrajudicial killings alongside the Rohingya & climate issues. (BBC: 3)

HC says, the statement of BD, ACC & the Swiss ambassador contradicts regarding the request for information on the money deposited by Bangladeshi individuals & organisations in Swiss banks. An embarrassing situation has been created by Swiss ambassador's statement. (VOA: 6)

Last July, Bangladesh increased the facilities for the loan defaulters. Non-performing loans stand at 125,000 crore taka in August. Analysts say, defaulted loans are not being recovered due to political reasons which are a big loss to the economy. (DW: 11)

The prices of essential commodities have gone up in the markets following the fuel oil price hike. But for the last few days, discussions are going on about the increase in the price of poultry products. (BBC: 4)

DGHS informs, as many as 116 dengue patients were hospitalised in 24 hours until Sunday morning. The number of dengue patients admitted to different hospitals across the country has increased to 387. (VOA: 7)

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
শ্রাবণ ৩১, ১৪২৯ বাংলা, আগস্ট ১৫, ২০২২, সোমবার, নং- ২২৮, ৫২তম বছর

শিরোনাম

আজ ১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। ১৯৭৫ সালের এই দিনে ইতিহাসের নৃশংস ও মর্মস্পর্শী এক হত্যাকাণ্ডের ঘটনায় বাংলাদেশের মানুষ হারায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। জাতির পিতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রে. টুডে: ১৩)

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জ্বালানি তেলের সাম্প্রতিক মূল্যবৃদ্ধি ও বিদ্যুৎ রেশনিংয়ের কারণে জনগণের দুর্ভোগ তিনি পুরোপুরি উপলব্ধি করতে পারেন। (ভোয়া: ৫)

বাংলাদেশের রাজনৈতিক দলগুলো আন্দোলন করলে তাদের কাউকে গ্রেফতার না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রে. তেহরান : ৯)

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, বঙ্গবন্ধু হত্যার দিন ভোরে জিয়াউর রহমান কেনো সুটেড বুটেড ছিলেন। তিনি কী তাহলে হত্যার ঘটনা শোনার অপেক্ষায় ছিলেন? (রে. টুডে: ১৫)

এই সফরকে বাংলাদেশের সরকার নিজেদের অবস্থান তুলে ধরার একটা সুযোগ হিসেবে দেখছে এবং রোহিঙ্গা এবং জলবায়ু ইস্যুর পাশাপাশি তারা বিচার বহির্ভূত হত্যাকান্ডের বিষয়ে জাতিসংঘের কর্মকর্তাদের মধ্যে যে মিস কনসেপশন সেটি ভাঙ্গানোর চেষ্টা করবেন। (বিবিসি: ৩)

সুইস ব্যাংকের কাছে অর্থ জমা নিয়ে বাংলাদেশ কোনো সুনির্দিষ্ট তথ্য চায়নি সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত নাথালি চুয়ার্ডের এমন বক্তব্য রাষ্ট্রকে বিব্রতকর অবস্থায় ফেলে দিয়েছে বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। (ভোয়া: ৬)

গত জুলাই মাসে বাংলাদেশ ঋণখেলাপিদের জন্য সুযোগ সুবিধা বাড়িয়ে দেয় বাংলাদেশ। আগস্টে পাওয়া হিসেবে বাংলাদেশে খেলাপি ঋণের পরিমাণ সোয়া লাখ কোটি টাকা ছড়িয়ে গেছে। বিশ্লেষকরা বলছেন, রাজনৈতিক কারণে খেলাপি ঋণ আদায়ে আদায় হচ্ছে না। এতে অর্থনীতির বড় ক্ষতি। (ডয়চে ভেলে: ১১)

বাংলাদেশে জ্বালানী তেলের দাম বাড়ার অবশ্যম্ভাবী প্রভাব হিসেবে বেড়ে গেছে সব ধরনের নিত্য পন্যের দাম। কিন্তু পোল্ট্রি সামগ্রীর দাম বাড়া নিয়ে গত কয়েক দিনধরে আলোচনা চলছে। (বিবিসি: ৪)

বাংলাদেশে এডিস মশাবাহিত ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে রবিবার (১৪ আগস্ট) সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় ১১৬জন নতুন রোগী শনাক্ত হয়েছে।সব মিলিয়ে সারাদেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হওয়া ডেঙ্গু রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৮৭জনে। (ভোয়া: ৭)

বিবিসি

যুক্তরাষ্ট্রের হামলার শিকার সালমান রুশদীকে ভেন্টিলেটর থেকে বের করা হয়েছে

যুক্তরাষ্ট্রের হামলার শিকার লেখক সালমান রুশদীকে ভেন্টিলেটর থেকে বের করে আনা হয়েছে এবং তিনি এখন কথা বলতে পারছেন বলে জানিয়েছেন ডাক্তাররা। শুক্রবার নিউইয়র্ক রাজ্যে ছুরিকাহত হয়ে মারাত্মকভাবে আহত হবার পর থেকে তিনি পেন্সিলভানিয়ার একটি হাসপাতালে ভেন্টিলেটরে ছিলেন। মি. রুশদীর এজেন্ট বলেছেন, তার শরীর ক্রমে ভালোর দিকে যাচ্ছে তবে পুরোপুরি সামলে উঠতে অনেক সময় লাগবে। ওদিকে হত্যার উদ্দেশ্যে হামলার অভিযোগ অস্বীকার করেছেন আটক যুবক হাদি মাতার। (বিবিসি: ১৯৩০ ঘ. ১৪.০৮.২০২২ মিরাজুল ও রুবাইয়া)

মিশরের উত্তর পশ্চিম অংশে একটি কপটিক খ্রিস্টানদের গীর্জায় আগুন লেগে ৪১ জন মারা গেছে

মিশরের রাজধানী কায়রোর উত্তর পশ্চিম অংশে কপটিক খ্রিস্টানদের একটি গির্জায় আগুন লেগে ৪১ জন মারা গেছে বলে কর্মকর্তারা জানিয়েছেন। নিহতদের মধ্যে বেশ ক'জন শিশু রয়েছে। কায়রোর দরিদ্র মহল্লা ইনবাবায় আবু সেইফের গীর্জায় আগুন লাগার কারণ হিসাবে শীতাতপ নিয়ন্ত্রিত একটি যন্ত্রের ত্রুটিকে সন্দেহ করা হয়। জানা গেছে, আগুন এখন নিয়ন্ত্রণে। প্রেসিডেন্ট আবদুল ফাত্তাহ আল-সিসি বলেছেন, রাষ্ট্রের সমস্ত সেবা সংস্থাকে উদ্ধার কাজে লাগানো হয়েছে। মিশরের ১ কোটি কপটিক খ্রিস্টান দেশের জনসংখ্যার ১০ শতাংশ। কট্টর ইসলামপন্থীদের কাছ থেকে তাদের গির্জা, স্কুল ও বসতবাড়ির উপর এর আগে বহু হামলা হয়েছে।
(বিবিসি: ১৯৩০ ঘ. ১৪.০৮.২০২২ মিরাজুল ও রুবাইয়া)

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনার চার দিনের সফরে ঢাকায় এসেছেন

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচেলেট রোববার দুপুরে চারদিনের এক সফরে ঢাকায় পৌঁছেছেন। ঢাকায় পৌঁছে তিনি বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এবং পরে আইনমন্ত্রীর সাথে বৈঠক করেছেন। তার সফরে মিশেল ব্যাচেলেট বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সুশীল সমাজের প্রতিনিধির সাথেও কথা বলবেন বলে জানা গেছে। সেই সাথে তিনি কক্সবাজারের রোহিঙ্গা শরনার্থী শিবিরে যাবেন বলে কথা রয়েছে। জাতিসংঘের মানবাধিকার কমিশনের কোন প্রধানের এই প্রথম বাংলাদেশে সফর। বিষয়টির দিকে নজর রাখছিলেন সংবাদদাতা সাইয়্যেদা আক্তার। তিনি এখন ঢাকার ষ্টুডিও থেকে আমার সাথে যোগ দিচ্ছেন। সাইয়্যেদা মিশেল ব্যাচেলেটের এই সফর কেন বাংলাদেশে?

সাইয়্যেদা আক্তার : জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনের ওয়েব সাইটে এই সফর বিষয়ে বলা হয়েছে যে, বাংলাদেশ সরকারের আমন্ত্রনে এই সফরে আসছেন মিশেল ব্যাচেলেট। তবে ঠিক কি কারণে তিনি আসছেন বা নির্দিষ্ট কোন আলোচ্য সূচী বা বিষয় রয়েছে কিনা সেই বিষয় সেখানে কিছু উল্লেখ করা হয়নি।

তবে এবছরের মার্চে সংস্থাটি একটি বিবৃতি দিয়ে বাংলাদেশ সরকারকে অবিলম্বে মানবাধিকার কর্মী এবং গুমের শিকার ব্যক্তিদের আত্মীয়দের বিরুদ্ধে প্রতিহিংসামূলক কার্যক্রম বন্ধ করার আহ্বান জানিয়েছিলো। ঐ বিবৃতিতে উল্লেখ করা হয়েছিলো যে ২০২১ সালের ডিসেম্বরের পরে র‍্যাবের সাবেক এবং বর্তমান কয়েক জন কর্মকর্তাদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা দেয়ার পর বাংলাদেশের সরকার গুমের শিকার ব্যক্তিদের আত্মীয়, মানবাধিকার কর্মী এবং সুশীল সমাজের প্রতিনিধিদের হুমকি দিচ্ছে এবং তাদের হয়রানি করা হচ্ছে। সুশীল সমাজের প্রতিনিধিদের বিরুদ্ধে মিথ্যা তথ্য দেয়ার অভিযোগ করছে সরকার বিবৃতিতে এমনটাও উল্লেখ করা হয়েছিলো। এখন আনুষ্ঠানিকভাবে মিশেল ব্যাচেলেটের এই সফরের কারণ কোন কিছু উল্লেখ না করা হলেও মূলত এই বিষয়গুলো যে সফরে উঠে আসবে এমনটা ধারনা করা হচ্ছে।

বিবিসি : তিনি পৌঁছেই দু'জন মন্ত্রীর সাথে কথা বলেছেন। খুবই গুরুত্বপূর্ণ দু'জন মন্ত্রী পররাষ্ট্রমন্ত্রী এবং আইনমন্ত্রী। কী কথা হয়েছে এসব বৈঠকে?

সাইয়েদা : দু'জন খুবই গুরুত্বপূর্ণ মন্ত্রীর সাথে তিনি একইদিনে নেমেই পরপর দু'টি বৈঠক করেছেন। বৈঠকগুলো ভিন্ন ভিন্ন সময়ে হয়েছে। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় এই দুটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকগুলো ক্লোজ ডোর বৈঠক ছিল আরকি। রুদ্ধদ্বার বৈঠক বলতে আমরা যা বুঝি। বৈঠকের পর পররাষ্ট্রমন্ত্রী এবং বাংলাদেশের আইনমন্ত্রী দু'জন সেখানে উপস্থিত সাংবাদিকদেরকে ব্রিফিং করেছেন। ব্রিফিং থেকে আমরা যতদূর জানতে পেরেছি যে, পররাষ্ট্রমন্ত্রী সংবাদ ব্রিফিংয়ে বলেছেন, বৈঠকে মত প্রকাশের স্বাধীনতা খর্ব করছে সরকার কিংবা মানবাধিকার বিষয়ে বাংলাদেশের অবস্থান নিয়ে মিশেল ব্যাচেলেটের তরফ থেকে কোন প্রশ্ন উত্থাপন করা হয়নি। তবে তিনি যে পররাষ্ট্রমন্ত্রী যেটি বলছেন যে, তিনি নিজে থেকেই এই প্রসঙ্গ উত্থাপন করেছিলেন এবং তিনি বলেছেন, এটি আসলে সঠিক প্রচারনা নয়। তিনি বৈঠক বলেছেন যে, বাংলাদেশে বিচার বহির্ভূত হত্যাকাণ্ড এবং গুমের যথাযথ প্রমাণ সরকার পায়নি এবং তিনি এটিও দাবি করেছেন যে, তথ্য পেলে সরকার তদন্ত করবে সেটি হাইকমিশনারকে জানানো হয়েছে।

এদিকে, আইনমন্ত্রী আনিসুল হকের সাথে বৈঠকে বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, গুম, গণমাধ্যমের স্বাধীনতা এবং মানবাধিকার প্রসঙ্গ নিয়ে আলাপ হয়েছে বলে জানা যাচ্ছে। তবে জাতিসংঘ মানবাধিকার বিষয়ক কমিশনের পক্ষ থেকে কোন বিবৃতি বা প্রেস ব্রিফিং করা হয়নি। এখানে জানিয়ে রাখি যে, বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কয়েকজন

কর্মকর্তা আমাকে বলছিলেন যে, মার্চে সংস্থাটি যে বিবৃতি দিয়েছে মিশেল ব্যাচেলেটের এই সফরকে বাংলাদেশের সরকার নিজেদের অবস্থান তুলে ধরার একটা অবস্থান হিসেবে দেখছে এবং সেই প্রসঙ্গে জানাই যে, বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম কয়েকদিন আগে বিবিসিকে বলেছিলেন যে, রোহিঙ্গা এবং জলবায়ু ইস্যুর পাশাপাশি তারা বিচার বহির্ভূত হত্যাকাণ্ডের বিষয়ে জাতিসংঘের কর্মকর্তাদের মধ্যে যে মিস কনসেপশন সেটি ভাঙ্গানোর চেষ্টা করবেন। (বিবিসি: ১৯৩০ ঘ. ১৪.০৮.২০২২ সাইফুর, এলিনা ও আশরাফ)

বাংলাদেশে হঠাৎ করে অনেকটা বেড়ে গেছে ডিম ও মুরগীর দাম

বাংলাদেশে জ্বালানী তেলের দাম বাড়ার অবশ্যম্ভাবী প্রভাব হিসেবে বেড়ে গেছে সব ধরনের নিত্যপণ্যের দাম। কিন্তু পোল্ট্রি সামগ্রীর দাম বাড়া নিয়ে গত কয়েকদিন ধরে আলোচনা চলছে। বিশেষ করে ডিমের দাম অনেক বেড়ে গিয়ে ডজন প্রতি ১৫৫ থেকে ১৬০ টাকায় পৌঁছেনোর পর বহু মানুষ সোস্যাল মিডিয়ায় ক্ষোভ প্রকাশ করছেন। কেন হঠাৎ করে ডিম ও মুরগীর দাম এতটা বেড়ে গেল, এই নিয়ে ঢাকা থেকে জানাচ্ছেন সানজানা চৌধুরী:

ঢাকার কালাচাঁদপুর এলাকার বাসিন্দা মিতালি খাগরার পাঁচ সদস্যের পরিবার চলে একজনের উপার্জনে। এতদিন সংসার মোটামুটি চালিয়ে নিতে পারলেও নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়ে যাওয়ায় ইদানিং বাজারের খরচে তাকে কাটছাঁট করতে হচ্ছে। আগে সপ্তাহে অন্তত তিনদিন মুরগী ও দু'দিন মাছ রান্না হলেও অর্থ পণ্যগুলো কেনা কমিয়ে দিয়ে সবজির দিকে ছুটছেন তিনি। ডিম খাওয়ার ক্ষেত্রেও লাগাম টানতে হয়েছে তাকে। ফলে আগের মত ডিম বা মাংসের খাবার পাতে উঠছে না এই পরিবারটির (স্বকণ্ঠে) : মুরগীর ডিম আগে এক ডজন করে আনতাম। এখন এগুলোর তো দাম অনেক বেড়ে গেছে। এখন চারটা/ছয়টা এরকম করে কিনে নিয়ে আসি। মাছ তো কেনাই হয়না। মুরগীর মাংস সপ্তাহে একদিন। আগে আমি সপ্তাহে দুইটা/তিনটা মুরগী কিনতাম।

বাংলাদেশের বাজার দর নির্ধারণকারী সরকারি সংস্থা টিসিবির প্রতিবেদন অনুযায়ী গত ২রা আগস্ট প্রতি কেজি ব্রয়লার মুরগীর দাম ছিল ১৪৫ টাকা। এখন সেই মুরগীর দাম ধরা হয়েছে ১৮৫ টাকা। অর্থাৎ গত বারো দিনে মুরগীর দাম বাড়ানো হয়েছে ৪০ টাকার মত। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে এর থেকেও দশ থেকে পঁচিশ টাকা বেশি দাম হাঁকছেন বিক্রেতারা। সেই সাথে ডিমের দামও সব রেকর্ড ছাড়িয়েছে। এখন এক ডজন ডিম বিক্রি হচ্ছে ১৫৫ থেকে ১৬০ টাকায়। যেখানে টিসিবির হিসাবে গত সপ্তাহে ডজন প্রতি ডিমের দাম পড়েছিল একশো কুড়ি টাকার মত। অর্থাৎ ডিমের দাম একলাফে ত্রিশ থেকে চল্লিশ টাকা পর্যন্ত বেড়েছে। সেই হিসেবে প্রতিটি ডিমের দাম পড়ছে তেরো টাকারও বেশি। মাছের বাজারেও আগুন দাম বাড়ার কারণে বাজারে আগের চেয়ে বেচা-বিক্রি কমে গিয়েছে বলেও জানান দোকানীরা (স্বকণ্ঠে): আগের সপ্তাহে ব্রয়লার বিক্রি হয়েছে মোটামুটি ১৫০-১৬০ টাকায়। কিন্তু এখন এই অবস্থা। দাম বাড়ার জন্য বেচাকেনা কম।

এই পরিস্থিতির পেছনে পোল্ট্রি ব্যবসায়ীরা মধ্য সত্বভোগী ও পরিবহন সংশ্লিষ্টদের দূষছেন। পোল্ট্রি অ্যাসোসিয়েশনের প্রেডিসেন্ট জামাল সেন্টুর অভিযোগ, পরিবহন সিন্ডিকেট মালপত্র আনা নেওয়া বাবদ প্রায় দ্বিগুন ভাড়া হাঁকছেন যা দেখোর কেউ নেই। আবার ভোক্তা পর্যায়ে যে হারে দাম বেড়েছে মধ্য সত্বভোগীদের পাল্লায় উৎপাদকরা সেই দাম পাচ্ছেন না। এইভাবে প্রতিনিয়ত উৎপাদন খরচ বাড়তে থাকায় প্রান্তিক খামারীরা ক্রমেই ব্যবসা থেকে সরে যাচ্ছে বলে জানান মি. জামান (স্বকণ্ঠে): ইউক্রেন যুদ্ধের সময় গম আসছিল না এজন্য ফিডের দাম বাড়ছে। আবার বিদ্যুতের দাম বাড়ার জন্য ইলেকট্রিসিটি চার্জ আমাদের বেড়ে যাচ্ছে। পরিবহন খরচ বাড়ছে সেজন্য দাম বাড়ছে। আগে যেটা সতেরো/আঠারো হাজার টাকায় এক গাড়ি ভুট্টা আসত চিটাগং থেকে সেটা এখন ছাব্বিশ/সাতাশ হাজার টাকায় আসে। ছয়টা মুরগীতে এক কেজি খাবার খায়। এক কেজি খাবারের দাম আগে ছিল পঞ্চাশ টাকা। আর এখন আমি ৬টা ডিমই পাই কিন্তু আমার এক কেজি ফিডের দাম হচ্ছে ৭৫ টাকা। এতে নৈরাজ্য চলছে। হাজার হাজার খামারি বিশেষ করে প্রান্তিক খামারি সবই কিন্তু বন্ধ। অবশ্যই দামের প্রভাবে।

একজন প্রাপ্ত বয়স্ক মানুষের প্রতিদিন পঞ্চাশ থেকে সত্তর গ্রাম প্রোটিনের প্রয়োজন হয়। যেটা অল্প দামে মুরগীর মাংস ও ডিম থেকে পাওয়া যেত বলে জানিয়েছেন, পুষ্টিবিদরা। কিন্তু নিত্যপণ্যের দাম বেড়ে যাওয়ায় মানুষের প্রোটিন গ্রহণের উপরে সবচেয়ে বড় প্রভাব পড়েছে বলে জানিয়েছেন অর্থনীতিবিদরা। কারণ টানাপোড়েনে থাকা পরিবারগুলো বাড়তি চাপ সামলাতে সবার আগে প্রোটিনজাত খাবার কেনা কমিয়ে দেন। এখনই ব্যবস্থা না নিলে সার্বিক পুষ্টি চাহিদার এই ঘাটতি দীর্ঘ মেয়াদে বড় ধরনের প্রভাব ফেলবে জানিয়েছেন, অর্থনীতিবিদ সায়মা হক বিদিশা (স্বকণ্ঠে): মানুষ স্বাভাবিকভাবে এই ধরনের মূল্যস্ফীতির ক্ষেত্রে তারা একটা কাটছাঁট করে কোনভাবে খাপ খাইয়ে নেয়ার চেষ্টা করে। ক্যালরির দিক দিয়ে যেগুলো পুষ্টিকর খাবার সেগুলোর ক্ষেত্রে খরচ কমানোর একটা প্রবণতা দেখা যায়। এটার কিন্তু একটা দীর্ঘ মেয়াদী প্রভাব রয়েছে। এটি কিন্তু পুষ্টির যে নির্দেশকগুলো রয়েছে সেগুলোর উপর একটা নেতিবাচক প্রভাব পড়তে পারে এবং সেটা কিন্তু আমাদের টেকসই উন্নয়নের যে লক্ষ্যমাত্রা সেগুলো অর্জনের ক্ষেত্রে আমাদের পিছিয়ে পড়ার ক্ষেত্রে একটা আশঙ্কা থেকে যায়। চলতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্য বিভাজন ইনস্টিটিউট এবং স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের গবেষণায় দেখা গেছে বাংলাদেশে ৪১ শতাংশ পরিবারের স্বাস্থ্যকর খাবার কেনার কোন সামর্থ্য নেই। তাই এমন পরিস্থিতিতে সরকারকে আরও সজাগ হওয়ার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা।

(বিবিসি: ১৯৩০ ঘ. ১৪.০৮.২০২২ এলিনা ও আশরাফ)

নাটোরে ছাত্রকে বিয়ে করে আলোচনায় আসা শিক্ষিকার মরদেহ উদ্ধার

বাংলাদেশের নাটোর জেলায় ছাত্রকে বিয়ে করে আলোচনায় ঝড় তোলা কলেজ শিক্ষিকার মরদেহ উদ্ধার করেছে পুলিশ। পুলিশ বলছে যে, এটি আত্মহত্যা বলে প্রাথমিকভাবে তাদের মনে হয়েছে। তার স্বামী মামুন হোসেনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ৪০ বছরের ওই প্রয়াত কলেজ শিক্ষিকা খায়রুন নাহারের সাথে ২২ বছরের ওই ছাত্রের প্রেমের বিয়ের কথা জানাজানি হওয়ার পর তা নিয়ে ব্যাপক মিডিয়া এবং সামাজিক মাধ্যমে আলোচনা-সমালোচনা শুরু হয়েছিল। খায়রুন নাহারের মৃত্যুর বিস্তারিত জানতে আমি কথা বলেছিলাম ঢাকায় আমাদের সংবাদদাতা শাহানাজ পারভীনের সাথে।

শাহানাজ পারভীন : আমি কথা বলেছি নাটোর জেলা পুলিশ সুপার লিটন কুমার সাহার সাথে। তিনি জানিয়েছেন যে, তারা দু'জনে স্বামী-স্ত্রী নাটোর শহরে বালারিপাড়া নামে একটি জায়গাতে ভাড়া বাড়িতে থাকতেন এবং রাতে কোনো একটা সময় তার স্বামীর সঙ্গে তার বাদানুবাদ হয় কোনো একটি বিষয়ে। গভীর রাত ২টার দিকে ছেলেটি বাড়ির বাইরে বেরিয়ে যায় এবং বাড়ির দারোয়ানও সেই বিষয়টি নিশ্চিত করেছে এবং পুলিশ তার স্বামী মামুন হোসেনের বরাত দিয়ে জানিয়েছে যে, তিনি ঝগড়ার এক পর্যায় ধূমপান করার জন্য বাইরে গিয়েছিলেন এবং এক ঘণ্টা পরে যখন ফিরে আসেন, তখন তিনি দেখেন যে ঘরের দরজা খোলা রয়েছে এবং ঘরের ভিতরে খায়রুন নাহার গলায় ওড়না পেচানো অবস্থায় সিলিং ফ্যানের সাথে তাকে ঝুলতে দেখেন। মামুনের বরাত দিয়ে পুলিশ আরো বলছে যে, সে সময় তার হাতের কাছে ধারালো কিছু ছিল না বলে তিনি হাতে যে লাইটারটি ছিল, সেটি দিয়ে আগুন জ্বালিয়ে ওড়নাটি পুড়িয়ে তাকে নিচে নামিয়েছে। পুলিশ প্রাথমিকভাবে এটিকে আত্মহত্যা বলেই ধারণা করেছে। পুলিশ বলছে যে, মৃত খায়রুন নাহারের গলায় দাগ রয়েছে। তবে শরীরের অন্য কোথাও কোনো ধরনের আঘাতের চিহ্ন নেই। তাদের আসলে কী নিয়ে বাদানুবাদ হয়েছিল, সেটি এখনও পরিষ্কার না। পুলিশ এটি আত্মহত্যা কিনা সেটি বোঝার জন্য আরো অধিকতর তদন্ত করছে। পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সেখানে রয়েছে কাজ করার জন্য।

বিবিসি : এই যে তার স্বামী কলেজ ছাত্র তাকে কি পুলিশ আটক করেছে ?

শাহানাজ পারভীন : পুলিশ তাকে আটক করেনি বলেই জানিয়েছে, তবে তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। বিস্তারিত আরো জানার চেষ্টা করা হচ্ছে। তথ্যের উপরে ভিত্তি করে পরবর্তী সিদ্ধান্ত নেয়া হবে বলে জানানো হয়েছে।

বিবিসি : শাহানাজ, এই যে কলেজ শিক্ষিকা তিনি অনেক কম বয়সী এক ছাত্রকে বিয়ে করেছেন এবং তিনি জানতেন যে, এর পরিণতি কী হবে। এই নিয়ে বিতর্ক হবে এবং তাই হয়েছে। অনেক সমালোচনার মুখে পড়েছেন ওই শিক্ষিকা এবং সমাজের বিরুদ্ধে এক ধরনের তিনি বিদ্রোহ করেই এই বিয়েটা করেছিলেন অথচ আট মাস না যেতেই এই ট্রাজেডিক মৃত্যু মানে কেনো ?

শাহানাজ পারভীন : যতদূর আমরা বিভিন্ন সংবাদ মাধ্যমে দেখেছি এবং সামাজিক যোগাযোগের মাধ্যমে এই বিষয়টি নিয়ে অনেকেই লিখেছেন। তাতে বোঝা যায় যে, একজন কলেজ শিক্ষক যার বয়স ৪০ বছর এবং একজন শিক্ষার্থী যার বয়স ২২ বছর তাদের মধ্যে ফেসবুকে যোগাযোগ হয়। ফেসবুকে যোগাযোগের পরে তাদের মধ্যে প্রেম শুরু হয় এবং তারা ছয় মাসের মাথায় এসে বিয়ে করেন, গত বছরের ডিসেম্বরে এবং চাপের মুখে তাদেরকে পড়তে হবে এটা হয়তো দু'জনে আঁচ করতে পেরেছিলেন এবং এই কারণে ছয় মাসের মতো তারা বিয়েটা লুকিয়েও রেখেছিলেন। কিন্তু এক পর্যায় বিয়ের খবরটি প্রকাশিত হয়ে যায় এবং আমরা দেখেছি গত মাসের শেষের দিক এসে এই বিষয়টি তুমুল আলোচনা-সমালোচনা আমরা সামাজিক যোগাযোগের মাধ্যমে দেখেছি। অনেকে এটাকে যেমন সাধুবাদ জানিয়েছেন, কিন্তু তার থেকে সমালোচনাটিই বেশি ছিল এবং যে ধরনের মনোযোগ তারা পাচ্ছিলেন এবং যে ধরনের সমালোচনার মুখে ছিলেন তার মধ্যে কলেজ শিক্ষিকাকেই সমালোচনা করা হচ্ছিল বেশি এবং হয়তো খুব স্বাভাবিক যে তিনি এক ধরনের চাপের মধ্যে নিশ্চয়ই ছিলেন। (বিবিসি : ১৯৩০ ঘ. ১৪.০৮.২০২২ সাইফুর ও ফাতেমা)

ভয়েস অফ আমেরিকা

আমরা জনগণের দুর্ভোগ উপলব্ধি করতে পারি : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জ্বালানি তেলের সাম্প্রতিক মূল্যবৃদ্ধি ও বিদ্যুৎ রেশনিংয়ের কারণে জনগণের দুর্ভোগ তিনি পুরোপুরি উপলব্ধি করতে পারেন। তিনি বলেন, আমরা জনগণের দুর্ভোগ উপলব্ধি করতে পারি। রবিবার (১৪ আগস্ট) গণভবনে আওয়ামী লীগের আট বিভাগের সাংগঠনিক সম্পাদকের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম কমলে তার সরকার অবশ্যই মূল্য হ্রাস করবে বলে আশ্বস্ত করেন ক্ষমতাসীন আওয়ামী লীগের প্রধান শেখ হাসিনা। তিনি বলেন, বিশ্ববাজারে যখনই জ্বালানি তেলের দাম কমবে, আমরা তখনই সমন্বয় করব। আমি সেই নির্দেশনা দিয়েছি। চলমান বিদ্যুৎ সংকট ও দেশব্যাপী লোডশেডিংয়ের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, জনগণকে এই যন্ত্রণা আরও কিছুদিন সহ্য করতে হবে। যখন কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলো উৎপাদনে যাবে, তখন আমাদের বিদ্যুতের সমস্যা দূর হয়ে যাবে।

শেখ হাসিনা বলেন, বিরোধী দল আন্দোলন করার সুযোগ পাচ্ছে। তাদের সেটা করতে দিন। আমিও এটা চাই। সরকার বিরোধীদের আন্দোলনকালে কাউকে গ্রেফতার না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, তারা যদি প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও করতে চায়, তা করতে দিন। শেখ হাসিনা বলেন, জনগণ ভালো করেই জানে, সরকার জ্বালানি তেলের দাম ও বিদ্যুতের উৎপাদন নিয়ন্ত্রণে সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে চেষ্টা করেছে। বিরোধীরা এই ইস্যুকে কাজে লাগানোর চেষ্টা করবে। তারা বাড়াবাড়ি করলে শেষ পর্যন্ত জনগণই বেশি ক্ষতিগ্রস্ত হবে। তাদের এটা উপলব্ধি করতে হবে।
(ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

অর্থ পাচার নিয়ে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের বক্তব্য বিব্রতকর : হাইকোর্ট

সুইস ব্যাংকের কাছে অর্থ জমা নিয়ে বাংলাদেশ কোনো সুনির্দিষ্ট তথ্য চায়নি সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত নাথালি চুয়ার্ডের এমন বক্তব্য রাষ্ট্রকে বিব্রতকর অবস্থায় ফেলে দিয়েছে বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। রবিবার (১৪ আগস্ট) হাইকোর্টের বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই মন্তব্য করেন। হাইকোর্ট বলেছেন, সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের বক্তব্য রাষ্ট্রকে বিব্রতকর অবস্থায় ফেলে দিয়েছে। তাই আমরা বাংলাদেশ ব্যাংক এবং দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাছে থাকা তথ্য হলফনামা আকারে আদালতে উপস্থাপনের জন্য পরবর্তী দিন রাখলাম।

শুনানির একপর্যায়ে আদালত দুর্নীতি দমন কমিশন ও রাষ্ট্রপক্ষকে তাদের আজকের উপস্থাপিত বক্তব্য এফিডেভিট আকারে দাখিলের নির্দেশ দিয়ে এই বিষয়ে আদেশের জন্য আগামী ২১ আগস্ট দিন ধার্য করেন। আদালতে দুর্নীতি দমন কমিশনের পক্ষে শুনানি করেন সিনিয়র আইনজীবী খুরশিদ আলম খান। আর রাষ্ট্র পক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ কে এম আমিন উদ্দিন মানিক। তার সঙ্গে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল আন্না খানম কলি। এর আগে দুর্নীতি দমন কমিশনের আইনজীবী খুরশিদ আলম খান সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের কাছে তার বক্তব্যের ব্যাখ্যা দেয়ার আবেদন করেন। তিনি রবিবার হাইকোর্টকে বলেন, বিদেশ থেকে তথ্য সংগ্রহের ক্ষেত্রে দুদক 'মানিলন্ডারিং প্রতিরোধ আইন-২০১২' এবং 'মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা-২০১৯' এর বিধানাবলীর আলোকে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) কাছে নির্দিষ্ট ছক মোতাবেক অধিযাচনপত্র পাঠায়। এর আলোকে বিএফআইইউ সংশিষ্ট দেশের ফিইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের সঙ্গে যোগাযোগ করে তথ্য সংগ্রহের উদ্যোগ গ্রহণ করে। আইনজীবী খুরশিদ আলম খান বলেন, দুদক ২০১৪ সালের পর থেকে এই পর্যন্ত তিনটি অনুসন্ধান/তদন্ত সংক্রান্ত অভিযোগ সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তির তথ্য, সুইজারল্যান্ড থেকে সংগ্রহের জন্য বিএফআইইউকে অনুরোধ করে। এর প্রেক্ষিতে বিএফআইইউ দুদককে জানায়, অভিযোগ সংশ্লিষ্ট একজন ব্যক্তির বিষয়ে সুইজারল্যান্ডের উপযুক্ত কর্তৃপক্ষ তাদের জানিয়েছে যে ওই ব্যক্তির ব্যাংক হিসাবের কোনো তথ্য তাদের কাছে নেই।

এছাড়া অন্য দুটি পত্রের প্রেক্ষিতে বিএফআইইউ থেকে এই সংক্রান্ত কোনো তথ্য পাওয়া যায়নি বলে জানান দুদক আইনজীবী। (ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

ওএমএস-এ চাল পাওয়া যাবে ১৫ টাকা কেজি দরে : খাদ্যমন্ত্রী

আগামী ১ সেপ্টেম্বর থেকে খাদ্যবান্ধব কর্মসূচি ও খোলাবাজারে চাল বিক্রি (ওএমএস) কর্মসূচি শুরু হবে। একথা জানিয়েছেন বাংলাদেশের খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, ওই দিন থেকে ৫০ লাখ পরিবারের ৪ কোটি মানুষকে লক্ষ্য করে ব্যাপকভাবে ওএমএস কার্যক্রম শুরু হবে। এই কর্মসূচির ফলে বাজারে চালের দাম নিয়ন্ত্রণে আসবে বলে আশা প্রকাশ করেন খাদ্যমন্ত্রী। রবিবার (১৪ আগস্ট) নিজ কার্যলয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে খাদ্যমন্ত্রী এ কথা বলেন। সাধন চন্দ্র মজুমদার বলেন, আমাদের ২ হাজার ১৩ জন ডিলার আছে। প্রত্যেক ডিলার প্রতিদিন দুই মেট্রিক টন করে চাল পাবে। ভোক্তারা মাসের হিসাবে ১৫ টাকা প্রতি কেজি দরে ৩০ কেজি চাল পাবেন। এই কর্মসূচি জেলা শহর, পৌরসভা বা সিটি এলাকায় একযোগে চলবে বলে জানানো হয়েছে।
(ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

ঢাকায় পৌঁছেছেন জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনার মিশেল বাচেলেট

চারদিনের সফরে রবিবার (১৪ আগস্ট) সকালে ঢাকায় পৌঁছেছেন জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচেলেট। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন সকাল ১০টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাকে স্বাগত জানান।

মিশেল ব্যাচেলেট দুই দফায় (২০০৬-২০১০ এবং ২০১৪-২০১৮) চিলির নির্বাচিত প্রেসিডেন্ট ছিলেন। বুধবার (১৭ আগস্ট) সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার দেখা করার কথা রয়েছে। এছাড়া ব্যাচেলেট, পররাষ্ট্রমন্ত্রী মোমেন ছাড়াও কয়েকজন মন্ত্রী, জাতীয় মানবাধিকার কমিশন, যুব প্রতিনিধি, নাগরিক সমাজের প্রতিনিধি এবং শিক্ষাবিদদের সঙ্গে মতবিনিময় করবেন। তিনি ১৫ আগস্ট বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ-এ বক্তব্য দেবেন মিশেল ব্যাচেলেট। (ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

ঢাকায় মিশেল ব্যাচেলেট; সামগ্রিক অধিকার নিয়ে আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে আলোচনা

চারদিনের সফরে রবিবার (১৪ আগস্ট) সকালে ঢাকায় পৌঁছেছেন জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচেলেট। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন সকাল ১০টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাকে স্বাগত জানান। বিকেলে মিশেল ব্যাচেলেট আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় বৈঠক করেন। সেখানে সামগ্রিক অধিকার সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা হয়।

বৈঠকের পর আইনমন্ত্রী আনিসুল হক জানান, বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে কোনো উদ্বেগ প্রকাশ করেননি মিশেল ব্যাচেলেট। তবে উভয়পক্ষই বেশ কয়েকটি বিষয় নিয়ে আলোচনা করেছে।

কারাগারে লেখক মুশতাক আহমেদের মৃত্যু, ডিজিটাল নিরাপত্তা আইন (ডিএসএ), মতপ্রকাশের স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা এবং সামগ্রিক অধিকার সংক্রান্ত বিষয়গুলো আলোচনায় স্থান পেয়েছে বলে জানান আইনমন্ত্রী আনিসুল হক।

বাংলাদেশ সফরকালে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. আব্দুল মোমেন, সরকারের মন্ত্রিসভার আরও কয়েকজন সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন, যুব প্রতিনিধি, নাগরিক সমাজের প্রতিনিধি এবং শিক্ষাবিদদের সঙ্গে মতবিনিময় করবেন। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, জাতীয় প্রেক্ষাপট, বিশেষ করে মহামারি এবং অন্যান্য ক্রমবর্ধমান সংকটের মধ্যে অর্থনৈতিক উন্নয়ন, জনগণের শান্তি ও নিরাপত্তা রক্ষণাবেক্ষণ এবং রোহিঙ্গা সংকট এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের মতো প্রতিবন্ধকতাগুলো যথাযথভাবে বিবেচনা করার ক্ষেত্রে তার এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে। ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

বাংলাদেশে ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত ১১৬, হাসপাতালে চিকিৎসাধীন ৩৮৭ জন

বাংলাদেশে এডিস মশাবাহিত ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে রবিবার (১৪ আগস্ট) সকাল ৮টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় ১১৬জন নতুন রোগী শনাক্ত হয়েছে। এদের মধ্যে ৭০জন ঢাকার বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন। বাকি ৪৬জন ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন।

স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে বর্তমানে ডেঙ্গু আক্রান্ত ৩৮৭ রোগী চিকিৎসাধীন রয়েছেন। এর মধ্যে ৩১৪জন ঢাকার মধ্যে এবং ৭৩জন রোগী ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ভর্তি আছেন। সরকারি প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৪ আগস্ট পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট ৩ হাজার ৭৫৯জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে ঢাকায় ৩ হাজার ১৪১জন ও ঢাকার বাইরে ভর্তি হয়েছেন ৬১৮জন ডেঙ্গু রোগী।

অন্যদিকে, চিকিৎসা শেষে ৩ হাজার ৩৫৬জন হাসপাতাল থেকে ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরে গেছেন। এদের মধ্যে ২ হাজার ৮২১জন ঢাকার বাসিন্দা এবং বাকি ৫৩৫জন ঢাকার বাইরের বাসিন্দা। চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মোট ১৬জন প্রাণ হারিয়েছে। (ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

ঢাকা মহানগরে অনেক এলাকায় তিন ঘণ্টা লোডশেডিং

বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী রবিবার (১৪ আগস্ট) এলাকাভিত্তিক লোডশেডিংয়ের তালিকা প্রকাশ করেছে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এবং ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)। তালিকা অনুযায়ী রোববার ডিপিডিসি ও ডেসকোর আওতাধীন অধিকাংশ এলাকায় তিন ঘণ্টা করে লোডশেডিং করার কথা।

ডেসকো এলাকার মধ্যে রয়েছে উত্তরা, গুলশান, বারিধারা, বসুন্ধরা, বনানী, বাড্ডা, উত্তরা খান, দক্ষিণখান, আগারগাঁও, মিরপুর, কাফরুল, কল্যাণপুর, খিলক্ষেত, পল্লবী, রূপনগর ও টঙ্গী। তবে, ডিপিডিসির আওতাধীন কিছু এলাকার গ্রাহকরা দুই ঘণ্টা করে লোডশেডিংয়ের মধ্যে থাকবেন। ডিপিডিসি জানায়, পরিস্থিতির উপর নির্ভর করে লোডশেডিং কমবেশি হতে পারে। সিদ্ধান্ত অনুযায়ী রাজধানী ঢাকা ও আশপাশের এলাকায় সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত বিদ্যুৎ বিচ্ছিন্ন থাকার কথা। এই তালিকার বাইরেও ডেসকোর আওতাধীন এলাকায় লোডশেডিং হতে পারে। লোডশেডিং-এর সময়সূচী ডিপিডিসি এবং ডেসকো ওয়েবসাইটে পাওয়া যাবে।

চলমান জ্বালানি সংকট মোকাবিলায় সরকার গত ১৯ জুলাই থেকে বাংলাদেশে দৈনিক এক ঘণ্টা এলাকাভিত্তিক লোডশেডিং শুরু করে। (ভোয়া : ২২০০ ঘ. ১৩.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে জ্বালানির দাম বাড়াতে হয়েছে: প্রতিমন্ত্রী নসরুল হামিদ

বর্তমান জ্বালানি ও গ্যাস সংকটকে সাময়িক বলে উল্লেখ করেছেন বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। আগামী কয়েকমাস ধৈর্য ধরার জন্য সকলের প্রতি আহ্বান তিনি। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতির কারণে সরকার পেট্রোলিয়াম জ্বালানির দাম বাড়াতে বাধ্য হয়েছে বলে জানান জ্বালানি প্রতিমন্ত্রী।

প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, আমি আপনাদের আশ্বস্ত করতে পারি, বিশ্ববাজারে পেট্রোলিয়াম ও গ্যাসের দাম কমলে আমরা নিশ্চিতভাবে সে অনুযায়ী স্থানীয় দাম সমন্বয় করব। রবিবার (১৪ আগস্ট) রাজধানীর বিদ্যুৎ ভবনে এক সেমিনারে একথা বলেন প্রতিমন্ত্রী। তিনি বলেন, আমরা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। দয়া করে, এক-দুই মাস ধৈর্য ধরুন এবং পরিস্থিতি মোকাবিলায় ঐক্যবদ্ধ হোন। আগামী মাসের শেষের দিকে সরকার লোডশেডিং থেকে

বেরিয়ে আসবে। প্রতিমন্ত্রীর দাবি, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতির কারণে সরকার পেট্রোলিয়াম জ্বালানির দাম বাড়াতে বাধ্য হয়েছে, যা বিশ্ববাজারে দাম বাড়িয়ে দিয়েছে। তিনি বলেন, এই যুদ্ধের প্রভাব সর্বত্র এবং আমরা এর বাইরে নই। জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস উপলক্ষ্যে ফোরাম ফর অ্যানার্জি রিপোর্টার্স বাংলাদেশ (এফইআরবি) এবং যুক্তরাষ্ট্রভিত্তিক গ্যাস কোম্পানি শেভরন যৌথভাবে 'বাংলাদেশে জ্বালানি নিরাপত্তা: অস্থির আন্তর্জাতিক বাজার' শীর্ষক এই সেমিনারের আয়োজন করে। এফইআরবির সভাপতি শামীম জাহাঙ্গীর সেমিনারে সভাপতিত্ব করেন। অ্যানার্জি অ্যান্ড পাওয়ার ম্যাগাজিনের সম্পাদক মোল্লা আমজাদ হোসেন মূল নিবন্ধ উপস্থাপন করেন। সেমিনারে অধ্যাপক বদরুল ইমাম বলেন, সাম্প্রতিক দশকে গ্যাস অনুসন্ধানে উদ্যোগের অভাবে জ্বালানি খাতের সমস্যা বর্তমানে শাখা ও উপ-শাখায় প্রসারিত হয়েছে। গত ১০ বছরে মিয়ানমার রাখাইন রাজ্যে বিপুল পরিমাণ গ্যাস আবিষ্কার করেছে। বিপুল সম্ভাবনা থাকা সত্ত্বেও আমাদের ভূখণ্ডের মধ্যে অবস্থিত পার্শ্ববর্তী গ্যাস ব্লক-১১ এ গ্যাস অনুসন্ধান করতে পারেনি বাংলাদেশ। কেনো আমরা আমাদের এলাকায় অনুসন্ধান করতে ব্যর্থ হলাম এই প্রশ্নের উত্তর জরুরি।

এম শামসুল আলম বলেন, বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) প্রাকৃতিক গ্যাস ও এলপিজির মতো পেট্রোলিয়াম জ্বালানির দাম নির্ধারণের বৈধ কর্তৃপক্ষ। কিন্তু বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) আইনকে অমান্য করে পেট্রোলিয়ামের দাম নির্ধারণ করেছে, যার কোনো জবাবদিহিতা নেই।

(ভোয়া :২২০০ ঘ. ১৪.০৮.২০২২ আলী আহমেদ ও নারগীস)

রেডিও তেহরান

রাষ্ট্রপক্ষ-দুদকের বক্তব্য সুইস রাষ্ট্রদূতের কথার সঙ্গে সাংঘর্ষিক : হাইকোর্ট

সুইস ব্যাংকে বাংলাদেশি ব্যক্তিদের অর্থ রাখা নিয়ে তথ্য জানানোর বিষয়ে বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের বক্তব্য রাষ্ট্রকে বিব্রতকর অবস্থায় ফেলে দিয়েছে বলে মন্তব্য করেছেন দেশটির হাইকোর্ট। উচ্চ আদালত বলেছেন, এখন সুইস রাষ্ট্রদূতের বক্তব্য প্রত্যাহার করা ছাড়া কোনো উপায় নেই। এ সম্পর্কে বিস্তারিত বলছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি :

সুইস ব্যাংকে বাংলাদেশি ব্যক্তিদের অর্থ রাখা নিয়ে তথ্য জানানোর বিষয়ে বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত নাথালি চুয়ার্ডের বক্তব্য রাষ্ট্রকে বিব্রতকর অবস্থায় ফেলে দিয়েছে। এখন সুইস রাষ্ট্রদূতের বক্তব্য প্রত্যাহার করা ছাড়া কোনো উপায় নেই। আজ রোববার (১৪ আগস্ট) বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিট এ সংক্রান্ত এক প্রতিবেদনের উপর শুনানিকালে বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ মন্তব্য করেন। আদালত বলেছেন, এ প্রসঙ্গে রাষ্ট্রপক্ষ ও দুদকের আইনজীবী যে তথ্য উপস্থাপন করেছেন তাতে প্রমাণিত রাষ্ট্রদূতের বক্তব্য সাংঘর্ষিক।

আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ কে এম আমিন উদ্দিন আর দুদকের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী খুরশীদ আলম খান। এর আগে গত ১০ আগস্ট জাতীয় প্রেসক্লাবে এক অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত সে দেশের কেন্দ্রীয় ব্যাংক সুইস ন্যাশনাল ব্যাংক বা এসএনবির ২০২২ সালের জুন মাসে প্রকাশিত বার্ষিক প্রতিবেদন উদ্ধৃত করে জানান, গত বছর বাংলাদেশিরা প্রায় ৩ হাজার কোটি টাকার সমপরিমাণ অর্থ সুইজারল্যান্ডের বিভিন্ন ব্যাংকে জমা করেছেন। সুইজারল্যান্ড কালো টাকা রাখার কোনো নিরাপদ ক্ষেত্র নয়। সুইস ব্যাংকে জমা রাখা অর্থের বিষয়ে বাংলাদেশ সরকার সুনির্দিষ্ট কোনো ব্যক্তির তথ্য জানতে চায়নি। এ নিয়ে গণমাধ্যমে প্রকাশিত খবর নজরে এলে পরদিন (১১ আগস্ট) বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ স্বতঃপ্রণোদিত হয়ে সুইস ব্যাংকে অর্থ জমাকারীদের তথ্য কেনো জানতে চাওয়া হয়নি- তা রাষ্ট্রপক্ষ ও দুর্নীতি দমন কমিশনকে জানাতে নির্দেশ দেন।

এদিকে, গত ১২ আগস্ট পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন জানিয়েছেন, সুইস রাষ্ট্রদূত এ নিয়ে মিথ্যা কথা বলেছেন। হাইকোর্টের নির্দেশ অনুযায়ী বাংলাদেশ ফিনান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিট আজ আদালতে প্রতিবেদন জমা দিয়ে জানান, সুইস ব্যাংকে বাংলাদেশি ব্যক্তিদের অর্থ রাখার বিষয়ে তথ্য জানাতে মোট তিনবার চিঠি দেয়া হয়েছে।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১৪.০৮.২০২২ সোনিয়া ও নারগীস)

আন্দোলনকারীদের কাউকে যেন গ্রেফতার করা না হয় : শেখ হাসিনা

বাংলাদেশের রাজনৈতিক দলগুলো আন্দোলন করলে তাদের কাউকে গ্রেফতার না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এদিকে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি স্বীকার করেছেন বাংলাদেশের সাধারণ মানুষ কষ্টে আছে, সেটা অস্বীকার করার কিছু নেই। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন আমাদের বিশেষ প্রতিনিধি :

বিরোধী রাজনৈতিক দলগুলো আন্দোলন করলে তাদের কাউকে গ্রেফতার না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রোববার (১৪ আগস্ট) আওয়ামী লীগের বিভাগীয় সাংগঠনিক সম্পাদকদের সঙ্গে গণভবনে অনুষ্ঠিত এক বৈঠকে প্রধানমন্ত্রী বলেছেন, (স্বকণ্ঠে) : "হ্যাঁ আমাদের অপজিশন একটা সুযোগ পাচ্ছে। তারা আন্দোলন করবে, করুক। আমি তো চাচ্ছি। আমি নির্দেশ দিয়েছি, তারা আন্দোলন করছে, করতে দাও। খবরদার কাউকে যেন গ্রেফতার করা না হয়, ডিস্টার্ব করা না হয়। তারা আন্দোলন করতে চায় করুক। আমরা যে আন্তরিকতার সাথে চেষ্টা করছি

দেশের কাজ করতে, দেশের মানুষ তো সেটা জানে, বোঝে। আন্দোলন করে কতটুকু সফল হবে সেটা জানি না। কিন্তু তারা যেটা করছে তাতে দেশের জন্য আরও ক্ষতি হবে। কিন্তু আমরা সেটা সামাল দিতে পারব, সেই বিশ্বাস আমার আছে।" সরকার প্রধান বলেন, মানুষের কষ্ট যে হচ্ছে সেটা তার সরকার উপলব্ধি করতে পারছে বলেই প্রতিনিয়ত সেই কষ্ট লাঘবের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। বিশ্ব বাজারে জ্বালানি তেলের দাম কমার সাথে সাথে দেশেও সমন্বয় করা হবে। দেশের কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলোর উৎপাদন শুরু হলে বিদ্যুতের এই সমস্যা অনেকটাই দূর হয়ে যাবে বলেও তিনি আশা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী আশ্বস্ত করেন, আর যখনই বিশ্ববাজারে তেলের দাম কমবে আমরা সাথে সাথেই অ্যাডজাস্ট করবো, সেটাও আমার নির্দেশ রয়ে গেছে।

এদিকে, বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি স্বীকার করেছেন, দেশের সাধারণ মানুষ কষ্টে আছে, সেটা অস্বীকার করার কিছু নেই। মানুষের কষ্ট বেড়েছে, সেই কষ্ট যাতে না থাকে, সেজন্য সরকার কাজ করে যাচ্ছে। আজ সকালে (১৪ আগস্ট) রংপুর শহরে নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, অর্থনৈতিক মন্দা এখন বিশ্বজুড়ে। তাই সারাবিশ্বেই নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে। আর এর প্রভাব পড়েছে আমাদের দেশেও। এক প্রশ্নের জবাবে টিপু মুনশি বলেন, সরকারের মন্ত্রী-এমপিরা বেহেশতে আছেন- বিএনপির এই অভিযোগ সঠিক নয়। জীবিত অবস্থায় তো বেহেশত পাওয়া যায় না। বেহেশত-দোজখ মানুষ মারা গেলে বুঝতে পারে।

এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশ এক ভয়ঙ্কর পরিস্থিতির দিকে ধাবিত হচ্ছে। প্রতিদিন চারদিকে অশনি সংকেত আর ঘনঘোর অন্ধকার নেমে আসছে। সর্বত্রই অস্বস্তি-অস্থিরতা। ক্ষমতাসীনদের বিশৃঙ্খলা ও অপকীর্তির শেষ নেই। নিশিরাতের অবৈধ সরকার পরিকল্পিতভাবে লাখ লাখ কোটি টাকা লুটপাট করে দেশের অর্থনীতিকে ধ্বংস করে দিয়েছে। ব্যাংকগুলো খালি হয়ে গেছে। রিজার্ভ তলানিতে ঠেকেছে। গত ১৩ বছরে বেপরোয়া দুর্নীতিযজ্ঞের কারণে দেশ এখন দেউলিয়া ঘোষণার অপেক্ষায়।

আজ (রোববার) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এ সময় বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৭৭তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তার রোগমুক্তি ও আশু সুস্থতা কামনা এবং দেশব্যাপী চলমান গণতান্ত্রিক আন্দোলনে যারা নিহত হয়েছেন তাদের আত্মার মাগফিরাত ও যারা আহত হয়েছেন তাদের সুস্থতা কামনায় আগামী ১৬ আগস্ট দেশব্যাপী জেলা, মহানগর, উপজেলা ও থানা পর্যায়ে দোয়া মাহফিল- দলের কর্মসূচি ঘোষণা করেন রুহুল কবির রিজভী।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ১৪.০৮.২০২২ সোনিয়া ও নারগীস)

এনএইচকে

এপ্রিল-জুন প্রান্তিকে রাশিয়ার জিডিপি'র ৪ শতাংশ হ্রাস

২০২২ সালের দ্বিতীয় ত্রৈমাসিকে রাশিয়ার অর্থনীতি বছরওয়ারী হিসেবে ৪ শতাংশ সংকুচিত হয়েছে। উল্লেখ্য, ইউক্রেনে আগ্রাসনের প্রতিক্রিয়ায় মস্কোর উপর পশ্চিমা দেশগুলোর নিষেধাজ্ঞা আরোপের ফলে এটি ঘটল। রাশিয়ার রাষ্ট্রীয় পরিসংখ্যান পরিসেবা সংস্থা শুক্রবার এপ্রিল-জুন প্রান্তিকের জন্য মোট দেশজ উৎপাদন বা জিডিপির উপাত্ত প্রকাশ করে।

২০২১ সালের প্রথম ত্রৈমাসিকের পর এটিই প্রথম সংকোচন। উল্লেখ্য, সেসময় অর্থনীতির উপর বৈশ্বিক করোনাভাইরাস মহামারির প্রভাব পড়েছিল। পাইকারি বিক্রয় ১৫.৩ শতাংশ, খুচরা বিক্রয় ৯.৮ শতাংশ এবং উৎপাদন ৩.৩ শতাংশ কমেছে। বিশ্লেষকরা এক্ষেত্রে নিষেধাজ্ঞার প্রভাবের দিকে ইঙ্গিত করছেন। এছাড়া তারা রাশিয়ার বাজার থেকে বিদেশি কোম্পানিগুলোর বেরিয়ে যাওয়ার বিষয়টিও উল্লেখ করেন। গত মাসে রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংকও বলেছিল যে, তাদের ধারণা অনুযায়ী দেশের জিডিপি চলতি বছর ৪ থেকে ৬ শতাংশ হ্রাস পাবে।

এদিকে, রুশ অর্থনীতি জ্বালানি রফতানি মাধ্যমে সমর্থন পাচ্ছে বলে প্রতীয়মান হচ্ছে। আন্তর্জাতিক জ্বালানি সংস্থা বা আইইএ'র ভাষ্যানুযায়ী, উচ্চমূল্যের কারণে জুন মাসে অপরিশোধিত তেল রফতানি থেকে রাশিয়ার আয় গত বছরের একই সময়ের তুলনায় বেড়েছে। আইইএ এটিও উল্লেখ করেছে যে, ইউক্রেনে আগ্রাসন শুরুর পর থেকে ইউরোপ, যুক্তরাষ্ট্র ও জাপানে রাশিয়ার রপ্তানি কমলেও চীন এবং ভারতে বৃদ্ধি পেয়েছে।

(এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ১৪.০৮.২০২২ সোনিয়া ও নারগীস)

ডয়চে ভেলে

আয়ারল্যান্ডে নিয়মিত হচ্ছেন অনথিভুক্ত বাংলাদেশিরা

দীর্ঘদিন অনথিভুক্তভাবে বসবাস করছেন এমন অভিবাসীদের নিয়মিত হওয়ার সুযোগ দিতে নির্ধারিত সময়ের জন্য বিশেষ স্কিম চালু করেছিল আইরিশ সরকার। তাতে আবেদন করেছেন প্রায় ২৫০ বাংলাদেশি। এর মধ্যে অনেকেই সুখবর পেতে শুরু করেছেন।

২০১৯ সালে স্ত্রীকে নিয়ে বাংলাদেশ থেকে যুক্তরাজ্য হয়ে আয়ারল্যান্ডে যান আরমান (ছদ্মনাম)। এরমধ্যে দেশটিতে আশ্রয় আবেদন করলেও তার চূড়ান্ত সিদ্ধান্ত পাননি। চলতি বছর আয়ারল্যান্ড সরকার দীর্ঘমেয়াদি অনথিভুক্ত অভিবাসীদের নিয়মিতকরণ স্কিম চালুর ঘোষণা দিলে দেরি করেননি তিনি। ইনফোমাইগ্রেন্টসকে আরমান বলেন, আমি

তিন বছর ধরে আশ্রয় আবেদনের সাক্ষাৎকারের জন্য অপেক্ষায় ছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশত কোনো সাক্ষাৎকারের ডাক পাইনি। স্কিম ঘোষণার পর শুরুতেই যারা আবেদন করেছে আমি তাদের একজন। ১০ ফেব্রুয়ারি আমি আবেদন করি। ৫ মে আমার চিঠি ইস্যু হয়। কিন্তু হাতে পেয়েছি ১৫ মে। এই চিঠির মাধ্যমে আরমান, তার স্ত্রী ও তিন সন্তান এখন আয়ারল্যান্ডের নথিভুক্ত নিয়মিত অভিবাসীতে পরিণত হয়েছেন। শুধু তিনি নন, তার মতো কয়েকশো আশ্রয়প্রার্থী ও অনিয়মিত বাংলাদেশি এই সুযোগ কাজে লাগিয়েছেন। স্কিমটির আওতায় যাদের আবেদন গৃহীত হচ্ছে তারা এককালীন দুই বছরের বসবাস ও কাজের অনুমতি পাচ্ছেন, যা পরবর্তীতে নবায়ন করা যাবে। এক পর্যায়ে তারা দেশটির নাগরিক হওয়ারও সুযোগ পাবেন।

আয়ারল্যান্ডের সরকারের হিসাবে বিভিন্ন দেশের ১৭ হাজার অনথিভুক্ত অভিবাসী রয়েছেন দেশটিতে, যাদের মধ্যে তিন হাজার শিশু। এই অভিবাসীদের নিয়মিতকরণ বা বৈধভাবে বসবাস ও কাজের সুযোগ দিতে গত জানুয়ারিতে বিশেষ স্কিমটি চালু করে সরকার। এক প্রজন্মের জন্য একবারই সুযোগ- এমন ঘোষণা দিয়ে অভিবাসীদের এই স্কিমের আওতায় আবেদনের আহ্বান জানায় আয়ারল্যান্ডের আইন মন্ত্রণালয়। একা বসবাসকারীদের ক্ষেত্রে যারা অন্তত চার বছর ধরে আয়ারল্যান্ডে আছেন তারা আবেদনের সুযোগ পেয়েছেন। আর পরিবারসহ থাকাদের ক্ষেত্রে এই সীমা ছিল তিন বছর। সেই সঙ্গে যারা আশ্রয় আবেদন করেছেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত পেতে দুই বছর ধরে অপেক্ষা করছেন তারাও এই স্কিমে আবেদন করতে পেরেছেন। অনিয়মিতদের জন্য ৩১ জুলাই ও আশ্রয় আবেদনকারীদের জন্য ৭ আগস্ট পর্যন্ত সময়সীমা ছিল।

দেশটির আইন মন্ত্রণালয়ের বরাতে স্থানীয় গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, নির্ধারিত সময়ের মধ্যে ৭ হাজার ৮০০ জনের বেশি অভিবাসী আবেদন করেছেন। প্রতি ছয়জনের একজন বা ১,৩১৬জন ছিলেন ব্রাজিলের, ১০৭৪জন পাকিস্তানের, ১০১৯জন চীনের, ৭২৫জন ফিলিপিনো, ৩৭৩জন নাইজেরিয়ান এবং ২৫৩ জন ভারতীয়। আর বাংলাদেশি আবেদন করেছেন ২৪১জন। আছেন মিশর, মালয়েশিয়া, মৌরিতানিয়ার নাগরিকও। আরমান জানান, দেশটির বিচার মন্ত্রণালয়ের নির্ধারিত সাইটে আবেদন করার পর তিনি তাদের কাছ থেকে ফিরতি মেইল পান। তাকে একটি লিংক পাঠানো হয় সেখানে ব্যক্তিগত তথ্য এবং কোনো অপরাধের রেকর্ড আছে কিনা তার প্রমাণ দিতে বলা হয়। এরপর তথ্য যাচাই শেষে কয়েক সপ্তাহের মধ্যেই চিঠিতে সিদ্ধান্ত জানানো হয়।

আরমান জানান, তার পরিচিত যেসব বাংলাদেশি এই স্কিমের আওতায় আবেদন করেছেন তাদের অনেকেই এরইমধ্যে সিদ্ধান্ত পেয়েছেন। কারো আবেদন এখন পর্যন্ত প্রত্যাখ্যানের তথ্য তিনি পাননি। একই তথ্য জানান আরেক বাংলাদেশি মিঠু (ছদ্মনাম)। ইনফোমাইগ্রেন্টসকে তিনি বলেন, শুধু বাংলাদেশিরা নন, এশিয় বা অন্য যারাই এখন পর্যন্ত চিঠি পেয়েছেন আমার জানামতে তাদের সবারই আবেদন গৃহীত হয়েছে। তিনি আশ্রয় আবেদন করে গত আট বছর দেশটিতে অবস্থান করছিলেন। আর ফেব্রুয়ারিতে স্কিমে আবেদন করে জুনে তার নথি পেয়েছেন। মিঠু বলেন, আবেদনে একটি কলামে বলা ছিল স্কিমে আপনার পেপার গৃহীত হলে অ্যাসাইলাম (আশ্রয় আবেদন) অব্যাহত রাখবেন কিনা। আমার মূল লক্ষ্যই ছিল পেপার (বসবাস ও কাজের অনুমতি) পাওয়া। সেটি যেহেতু হয়ে গেছে সেক্ষেত্রে আমার এখন আর অ্যাসাইলামের প্রয়োজন নেই।

আয়ারল্যান্ডের বিচার মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, স্কিমের আওতায় এরই মধ্যে ১,৫০০ অনথিভুক্ত অভিবাসী বৈধভাবে বসবাসের কাগজ পেয়েছেন। এখনও ৬,৩০০ এর উপরে আবেদনের প্রক্রিয়া চলছে। নিয়মিত হওয়ার মধ্যদিয়ে এই অভিবাসীরা এখন আয়ারল্যান্ড সরকারের প্রদত্ত বিভিন্ন সুযোগ-সুবিধা ভোগ করতে পারবেন। আরমান বলেন, এখানে সবাই চায় বৈধ থাকার জন্য। কারণ অবৈধভাবে থাকলে অনেক সুবিধাই আপনি পাবেন না। ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন বা অনেক চাকরির ক্ষেত্রে আবেদন করতে গেলে ডকুমেন্টস লাগে। অনেকে চাকরিদাতারা অনেক ক্ষেত্রে অনুমতি থাকা সত্ত্বেও আশ্রয়প্রার্থীদের চাকরি দিতে চান না। কিন্তু এখন একজন আইরিশের যে অধিকার আছে আমিও সেই একই অধিকার ভোগ করব। আমার পরিবারও তাদের মতো সব সুবিধা ভোগ করবে। অন্যদিকে অনিয়মিত অবস্থায় থাকার কারণে এতদিন যারা নিজ দেশে বা আয়ারল্যান্ডের বাইরে যাওয়ার সুযোগ পাননি তারা সেই সুযোগ পাচ্ছেন। গত আট বছর আয়ারল্যান্ডে থাকা মিঠু এখন দেশে যেতে চান তার স্বজনদের সঙ্গে দেখা করার জন্য। তিনি বলেন, আমি বরাবরই আশাবাদী ছিলাম কাগজ পাওয়ার ব্যাপারে। এখন আমি দেশে যাব। আর পাঁচ বছর পর নাগরিকত্বের জন্য আবেদন করব। সব শর্ত পূরণ করলে স্কিমের আওতায় নিয়মিত হওয়া অভিবাসীদের মধ্যে প্রাপ্তবয়স্করা পাঁচ বছর পর ও আয়ারল্যান্ডে জন্ম নেয়া শিশুরা তিন বছর পর নাগরিক হওয়ার আবেদন করতে পারবেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮০০ ঘ. ১৪.০৮.২০২২ সোনিয়া ও নারগীস)

সুবিধা দেয়ার পরেও খেলাপি ঋণ বাড়ছে

গত জুলাই মাসে বাংলাদেশ ঋণখেলাপিদের জন্য সুযোগ সুবিধা বাড়িয়ে দেয় বাংলাদেশ। আগস্টে পাওয়া হিসেবে বাংলাদেশে খেলাপি ঋণের পরিমাণ আরও বেড়ে গেছে। চলতি আগস্ট মাসে খেলাপি ঋণের সর্বশেষ যে পরিমাণ বাংলাদেশ ব্যাংক থেকে পাওয়া গেছে, তাতে তা সোয়া লাখ কোটি টাকা ছড়িয়ে গেছে। বিশ্লেষকরা বলছেন, রাজনৈতিক কারণে খেলাপি ঋণ আদায়ে আদায় হচ্ছে না। এতে অর্থনীতির বড় ক্ষতি। গত ডিসেম্বরে ব্যাংকিং খাতে

খেলাপি ঋণ ছিল ১ লাখ ৩ হাজার কোটি টাকা। সর্বশেষ হিসেবে জুন মাসে তার পরিমাণ হয়েছে ১ লাখ ২৫ হাজার ২৫৮ কোটি টাকা।

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে বলছে, চলতি ২০২২ সালের জুন মাস শেষে ব্যাংকিং খাতের মোট বিতরণ করা ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১৩ লাখ ৯৮ হাজার ৫৯২ কোটি টাকা। এর মধ্যে খেলাপিতে পরিণত হয়েছে ১ লাখ ২৫ হাজার ২৫৮ কোটি টাকা। এটি মোট বিতরণ করা ঋণের ৮ দশমিক ৯৬ শতাংশ, যা এ যাবতকালের সর্বোচ্চ খেলাপি ঋণ।

বাংলাদেশ ব্যাংক গত জুলাই মাসে ঋণখেলাপিদের জন্য বড় ধরনের ছাড় দেয়। ঋণের শতকরা আড়াই থেকে চার শতাংশ অর্থ জমা দিয়ে খেলাপি ঋণ নিয়মিত করার সুযোগ দেয়া হয়। এর আগে এটা ছিল শতকরা ১০ শতাংশ।

বাংলাদেশ ব্যাংক করোনা ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে ক্ষতিতে পড়া অর্থনীতির সুষ্ঠু ব্যবস্থাপনায় ঋণ পুনঃতফসিলে এই ছাড় দেয়। আর্থিক খাতে স্থিতিশীলতা বজায় রাখা ও শ্রেণিকৃত ঋণের সুষ্ঠু ব্যবস্থাপনার যুক্তি দেখায় কেন্দ্রীয় ব্যাংক। কিন্তু বাস্তবে ফল হচ্ছে উল্টো। খেলাপি ঋণ আরও বাড়ছে।

চলতি বছরের ৩১ মার্চ শেষে দেশে মার্চ প্রান্তিকে খেলাপি ঋণ ছিল ১ লাখ ১৩ হাজার ৪৪০ কোটি টাকা। সর্বশেষে তিন মাসে (মার্চ থেকে জুন) ব্যাংক খাতের খেলাপি ঋণ বেড়েছে ১১ হাজার ৮১৮ কোটি টাকা। আর বছরের প্রথম প্রান্তিকে (জানুয়ারি-মার্চে) বেড়েছিল ১০ হাজার ১৬৭ কোটি টাকা। আর গত এক বছরে ২০২১ সালের জুন থেকে চলতি বছরের জুন পর্যন্ত দেশে খেলাপি ঋণ বেড়েছে ২৬ হাজার ৬৩ কোটি টাকা। ২০২১ সালের জুনে খেলাপি ঋণের পরিমাণ ছিল ৯৯ হাজার ২০৫ কোটি টাকা। অন্যদিকে ২০২১ সালের ডিসেম্বর শেষে দেশে খেলাপি ঋণের পরিমাণ ছিল ১ লাখ ৩ হাজার ২৭৩ কোটি টাকা। সর্বশেষ ছয় মাসে দেশে খেলাপি ঋণ বেড়েছে ২১ হাজার ৯৮৫ কোটি টাকা।

খেলাপি ঋণের এই হিসাবের মধ্যেও ফাঁকি আছে। কারণ এখানে পুনঃতফসিল করা ঋণের হিসাব দেখানো হয় না। ওই ঋণ অবলোপ করা হয়। পলিসি রিচার্স ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক অর্থনীতিবিদ আহসান এইচ মনসুর বলেন, খেলাপি ঋণের যে হিসাব বাংলাদেশ ব্যাংক দেয় আইএমএফের হিসেবে তার পরিমাণ বাস্তবে দ্বিগুণের কম নয়। কারণ পুনঃতফসিল করা ঋণ রেগুলার ঋণ হিসেবে দেখানো হয় । আসলে ওই টাকা আর কখনো ফেরত পাওয়া যাবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অর্থনীতির অধ্যাপক ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেন, ঋণখেলাপি হতেই পারে। কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে পরিস্থিতি আলাদা। এখানে নিয়ম-নীতি না মেনে রাজনৈতিক প্রভাবে ঋণ দেয়া হয়। আর সেই ঋণ যারা নেন তারা আর ফেরত দেন না। আমরা খেলাপি ঋণের পরিমাণ অনেক দেখলেও এর দায় কিন্তু অল্প কয়েকজনের। ব্যাংকিং খাত তাদের নিয়ন্ত্রণে। তারা এই খাতে বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি করছেন। ফলে প্রকৃত যারা বিনিয়োগকারী, উদ্যোক্তা তারা ক্ষতির মুখে পড়ছেন। অর্থনীতি সংকটে পড়ছে।

আহসান এইচ মনসুর বলেন, যে খেলাপি ঋণের কথা বাংলাদেশ ব্যাংক বলে, যাদের কথা বলে তাদের একটা বড় অংশ বোকাসোকা। তারা হয়তো যৌক্তিক কারণেই খেলাপি হয়েছেন। তাদের ঋণের পরিমাণও অল্প। কিন্তু মূল ঋণ নিয়েছে অল্প কিছু ব্যক্তি ও প্রতিষ্ঠান। তাদের আইনের নানা সুবিধা দিয়ে ঋণখেলাপি হিসেবে দেখানো হয় না। তারা যে টাকা নিয়েছেন তা ফেরতও পাওয়া যাবে না। ফলে এখন ব্যাংকে টাকার সংকট। আর্থিক খাত ছোট হয়ে যাচ্ছে। জিডিপির অনুপাতে ব্যাংকে যে টাকা থাকা দরকার তা নেই। ফলে যাদের প্রকৃতই প্রয়োজন তারা ঋণ পাচ্ছেন না বলে মনে করেন এই অর্থনীতিবিদ। তার কথায়, রাজনৈতিক বিবেচনায় যারা ঋণ নিয়ে খেলাপি হয়েছেন তাদের ধরা সম্ভব নয়। সরকারের যে নীতি, বাংলাদেশ ব্যাংকের যে পলিসি তাতে খেলাপি ঋণ বাড়তেই থাকবে।

এই দুইজন অর্থনীতিবিদ মনে করেন, ঋণ খেলাপিদের নতুন সুবিধা দেয়ায় ঋণ আদায় হবে না। বরং তারা ঋণখেলাপির তালিকা থেকে নিজেদের নাম কাটিয়ে ওই টাকা না দেয়ার নতুন পথ খুঁজে পাবে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮০০ ঘ. ১৪.০৮.২০২২ সোনিয়া ও নারগীস)

রেডিও এবিসি

ধানমন্ডি ৩২ নম্বর ঘিরে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা : ডিএমপি কমিশনার

ঢাকা মহানগর পুলিশের কমিশনার মোহাম্মদ শফিকুল ইসলাম বলেছেন, দেশি-বিদেশি প্রেক্ষাপটসহ সব ধরনের ঝুঁকি মাথায় রেখে ধানমন্ডি ৩২ নম্বরে জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে নিরাপত্তা ব্যবস্থা সাজানো হয়েছে। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বরে কেন্দ্রীয় গৃহীত নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে রোববার সাংবাদিকদের সাথে আলাপকালে এসব কথা বলেন ডিএমপি কমিশনার। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে দেশের উপকূলীয় জেলাগুলোয় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে দেশের উপকূলীয় জেলাগুলোয় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। একইসঙ্গে থাকবে বৃষ্টি। পূর্ণিমা ও বায়ুচাপের তারতম্য বেশি হওয়ায় দুই থেকে চার ফুট উঁচু জলোচ্ছ্বাস হতে পারে এসব এলাকায়। দেশে তিনটি সমুদ্রবন্দরসহ কক্সবাজারকে তিন নম্বর সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছে। রোববার আবহাওয়া অধিদফতর সূত্রে এসব তথ্য জানানো হয়। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

তপন দাসকে গাছের সঙ্গে বেঁধে নির্যাতনের অভিযোগে ৬ আসামিকে গ্রেফতার করেছে পুলিশ

সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলায় জেলে তপন দাসকে গাছের সঙ্গে বেঁধে নির্যাতনের অভিযোগে করা মামলায় ৬ আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার সাড়ে ১০টার দিকে উপজেলার ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স স্টেশনের সামনে থেকে তাদের গ্রেফতার করা হয়। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

যশোরের ঝিকরগাছা শহরে নৈশ প্রহরীকে হত্যা করে ব্যবসা প্রতিষ্ঠানে ডাকাতির ঘটনা ঘটেছে

যশোরের ঝিকরগাছা শহরে নৈশ প্রহরীকে হত্যা করে ব্যবসা প্রতিষ্ঠানে ডাকাতির ঘটনা ঘটেছে। রোববার ভোররাতে ঝিকরগাছা বাজারের রাজপট্টিতে এই ঘটনা ঘটে। নিহত নৈশ প্রহরী আব্দুস সামাদের বাড়ি ঝিকরগাছা উপজেলার বেরেলা গ্রামে। (রেডিও এবিসি : ১৫০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে একজনের মৃত্যু

দেশের রোববার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। এ সময় ২২৬জনের করোনা শনাক্ত হয়েছে। আজ রোববার বিকেলে স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

আন্দোলনের নামে বাড়াবাড়ি দেশের ক্ষতির পাশাপাশি মানুষর কষ্ট বাড়াবে : প্রধানমন্ত্রী

বিশ্বব্যাপী মন্দা চলছে। এ নিয়ে গণতান্ত্রিক প্রক্রিয়ায় দেশে বিরোধীদের আন্দোলন হতে পারে। কিন্তু এ নিয়ে বাড়াবাড়ি দেশের ক্ষতির পাশাপাশি মানুষের কষ্ট বাড়াবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রোববার সকালে গণভবনে বাংলাদেশ আওয়ামী লীগের ৮টি বিভাগের সাংগঠনিক সম্পাদকদের সঙ্গে আলোচনা সভায় তিনি এ কথা বলেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

সুইস রাষ্ট্রদূতের বক্তব্য সঠিক নয় : দুদক ও রাষ্ট্রপক্ষ

সুইজারল্যান্ডের ব্যাংকে অর্থ জমাকারী বাংলাদেশিদের বিষয়ে সুনির্দিষ্ট কোনো তথ্য চাওয়া হয়নি বলে দেশটির রাষ্ট্রদূত যে বক্তব্য দিয়েছেন, তা সঠিক নয় বলে উল্লেখ করেছে দুদক ও রাষ্ট্রপক্ষ। একইসঙ্গে সুইজারল্যান্ডের ব্যাংকে অবৈধভাবে অর্থ জমাকারী বাংলাদেশিদের বিষয়ে বিএফআইইউ'র মাধ্যমে তথ্য চাওয়া হয়েছে বলে জানিয়েছেন তারা। রোববার বিচারপতি মোহাম্মদ নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত হাইকোর্টের বেঞ্চে তথ্যাদিসহ রাষ্ট্রপক্ষ ও দুদকের আইনজীবী এসব কথা বলেন।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা আগামী মঙ্গলবার থেকে শুরু হচ্ছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা আগামী মঙ্গলবার থেকে শুরু হচ্ছে, চলবে ২৪ আগস্ট পর্যন্ত। ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব প্রস্তুতি নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর অংশ হিসেবে ভর্তি পরীক্ষার্থী ও অভিভাবকদের জন্য দেয়া হয়েছে ৮টি নির্দেশনা। চূড়ান্ত করা হয়েছে শাটল ট্রেনের সূচিও। রোববার দুপুরে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর রবিউল হাসান ভুঁইয়া।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

রেডিও টুডে

আজ জাতীয় শোক দিবস

আজ ১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। বাঙালির শোকের দিন। ১৯৭৫ সালের এই দিনে ইতিহাসের নৃশংস ও মর্মস্পর্শী এক হত্যাকাণ্ডের ঘটনায় বাংলাদেশের মানুষ হারায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। বীরত্ব, ত্যাগ, দৃঢ় প্রত্যয়, নেতৃত্বের গুণ একজন রাজনীতিক হিসেবে এর সব কয়টি সম্মিলন জাতি দেখেছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মধ্যে, যা সহজেই তাকে স্বাধীনতার স্থপতি ও জাতির পিতার মর্যাদায় আসীন করেছে। ঘাতকেরা বঙ্গবন্ধুকে হত্যা করলেও তিনি জায়গা করে নিয়েছেন বাংলাদেশের মানুষের হৃদয়ে। আজ শোকের দিনে বাঙালি তাদের মহান নেতাকে শ্রদ্ধাভরে স্মরণ করবে। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৫.০৮.২০২২ আসাদ ও নারগীস)

জাতির পিতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

জাতীয় শোক দিবস ও ৪৭তম শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। সকালে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন তিনি। এরপর বঙ্গবন্ধুর প্রতি সম্মান জানিয়ে কিছুক্ষণ নিরবে দাঁড়িয়ে থাকেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এসময় বিউগলে বেজে ওঠে করুণ সুর। এরপর আওয়ামী লীগের সভাপতি হিসেবে দলের শীর্ষ নেতাদের নিয়ে দ্বিতীয়বার বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন শেখ হাসিনা। এরপর বঙ্গবন্ধু ভবন এলাকা সবার জন্য উন্মুক্ত করে দেয়া হলে আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা কর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সর্বকালের সর্বশ্রেষ্ঠ এই বাঙালির প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৫.০৮.২০২২ আসাদ ও নারগীস)

চলমান করোনা মহামারিতে বিশ্বজুড়ে মৃত্যু ও শনাক্ত দুটোই কমেছে

চলমান করোনা মহামারিতে বিশ্বজুড়ে দৈনিক মৃত্যুর সংখ্যা আরও কমেছে। একই সময়ে আগের দিনের তুলনায় কমেছে শনাক্ত রোগীর সংখ্যাও। গত ২৪ ঘণ্টায় সারাবিশ্বে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন প্রায় সাড়ে ৯০০ মানুষ। একই সময়ে নতুন করে আক্রান্তের সংখ্যা নেমে এসেছে ৫ লাখের নিচে। এদিকে গত ২৪ ঘণ্টায় বিশ্বজুড়ে সবচেয়ে বেশি সংক্রমণ ও মৃত্যুর ঘটনা ঘটেছে জাপানে। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৫.০৮.২০২২ আসাদ ও নারগীস)

দেশে তিন কারণে গুম হয় : স্বরাষ্ট্রমন্ত্রী

দেশে তিন কারণে গুম হয় বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। রোববার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ঢাকায় সফররত জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিচেল ব্যাচলেটের সঙ্গে বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, তিনি আগেই আমাদের কিছু লিখিত প্রশ্ন দিয়েছিলেন যেগুলো নিয়ে তিনি আলাপ করতে চেয়েছিলেন। তাদের জিজ্ঞাসা ছিল অনেক নৃশংসতা বাংলাদেশে হয়েছে। সেগুলো নিয়ে আমরা কী করছি। এছাড়াও দেশের ধর্মীয় সম্প্রীতি নিয়েও জিজ্ঞাসা করেছেন। আমরা বলেছি বঙ্গবন্ধুর আদর্শ ধারন করে আমরা দেশ গড়ার কাজ করে যাচ্ছি। আমাদের বিচার বিভাগ স্বাধীন।
(রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১৪.০৮.২০২২ আসাদ ও নারগীস)

মিশরের একটি গির্জায় আগুনে পুড়ে অন্তত ৪১জন নিহত

মিশরের গির্জা শহরের একটি গির্জায় আগুনে অন্তত ৪১জন নিহত হয়েছেন। এছাড়া আহত হয়েছেন আরও অন্তত ৫৫জন। রোববার এই দুর্ঘটনা ঘটে। কায়রোর ইম্বাবার পাড়ায় আবু সিফাইন গির্জায় একটি জমায়েতে ৫ হাজার উপাসক জড়ো হয়েছিলেন। তখনই বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত ঘটে। এ সময় পদদলনের ঘটনা ঘটে। আরব নিউজের খবর বলছে, আগুনে পুড়ে ৩২জনের মৃত্যু হয়েছে। এছাড়াও আহত হয়েছেন অর্ধশতাধিক মানুষ। এই ঘটনাকে মর্মান্তিক বলে আখ্যায়িত করেছেন মিশরের প্রেসিডেন্ট আব্দুল ফাত্তাহ আল সিসি।
(রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১৪.০৮.২০২২ আসাদ ও নারগীস)

বিশ্বের প্রধানমন্ত্রীদের মধ্যে সবচেয়ে ঝুঁকিতে শেখ হাসিনা : ডিএমপি কমিশনার

ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ শফিকুল ইসলাম বলেছেন, পৃথিবীতে যত প্রধানমন্ত্রী রয়েছেন, তাদের মধ্যে সবচেয়ে বেশি নিরাপত্তা ঝুঁকিতে রয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দুপুরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকীতে এবং জাতীয় শোক দিবসের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। বঙ্গবন্ধুর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবসের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে এই ব্রিফিংয়ের আয়োজন করা হয়। ডিএমপি কমিশনার বলেন, প্রকট ঝুঁকি মাথায় রেখেই প্রধানমন্ত্রীর নিরাপত্তা নিশ্চিত করতে তৈরি করা হবে বিশেষ নিরাপত্তা বলয়। তবে দৃশ্যমান বা অদৃশ্যমান কোনো জঙ্গি হামলার আশঙ্কা নেই। নিরাপত্তা ব্যবস্থার কথা মাথায় রেখেই সবাইকে ব্যাগ কিংবা বক্স না নিয়ে আসার অনুরোধ জানিয়েছেন এই পুলিশ কর্মকর্তা। তিনি বলেন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সব ধরনের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। নৌ টহলেরও অবস্থান রয়েছে। সোয়াটসহ গোয়েন্দা সংস্থার লোকজন নিয়োজিত রয়েছেন।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের কর্মসূচি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সোমবার বাদ জোহর দেশের সব মসজিদে বিশেষ দোয়া ও মুনাজাতের আহ্বান জানানো হয়েছে। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই আহ্বান জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য দেশের সব মসজিদের খতিব, ইমাম ও মসজিদ কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে। এছাড়াও সোমবার বায়তুল মোকাররম জাতীয় মসজিদসহ ইসলামিক ফাউন্ডেশনের সব বিভাগীয় ও জেলা কার্যালয়ে ৫০টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ অ্যাকাডেমি ও মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের গণশিক্ষা কেন্দ্রে বিশেষ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করেছে ইসলামিক ফাউন্ডেশন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

জিনিসপত্রের দাম বাড়লে মানুষের কষ্ট হয় : বাণিজ্যমন্ত্রী

জীবিত অবস্থায় বেহেশত পাওয়া যায় না উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, জিনিসপত্রের দাম বাড়লে মানুষের কষ্ট হয়। তবে কে বলেছেন দেশের মানুষ বেহেশতে আছেন তা আমি জানি না। রোববার সকালে তিনদিনের সফরে রংপুর এসে নগরীর সেন্ট্রাল রোডের বাসভবনে পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্য প্রসঙ্গে জানতে চাইলে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি সাংবাদিকদের এসব কথা বলেন। বিএনপি, জাতীয় পার্টিসহ বিভিন্ন রাজনৈতিক দলের চলমান আন্দোলন-কর্মসূচি প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী বলেন, বৈশ্বিক সংকটকে পুঁজি করে গণতান্ত্রিকভাবে আন্দোলন করা হলে সরকার বাধা দেবে না। কিন্তু মানুষকে কষ্ট দিয়ে আন্দোলনের নামে হিংসাত্মক কিছু করা হলে দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করবে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

চারদিনের সফরে মিশেল ব্যাচেলেট ঢাকায় পৌঁছেছেন

চারদিনের সফরে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিশেল ব্যাচেলেট ঢাকায় পৌঁছেছেন। রোববার সকাল ১০টা ২০ মিনিটে তিনি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এ কে আব্দুল মোমেন তাকে স্বাগত জানান। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, বাংলাদেশ সরকারের আমন্ত্রণে প্রথমবার জাতিসংঘের কোনো মানবাধিকার প্রধান বাংলাদেশে এলেন। ব্যাচেলেট এই সফরে ধানমন্ডি-৩২ নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি বিজড়িত জাদুঘর পরিদর্শন করা ছাড়াও দেশের সরকারি ও বেসরকারি বিভিন্ন স্তরের প্রতিনিধি এবং কক্সবাজারের একাধিক রোহিঙ্গা শিবির পরিদর্শন করে সরেজমিনে মানবাধিকার পরিস্থিতি বোঝার চেষ্টা করবেন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

টেকনাফের নাফ নদী সীমান্ত থেকে ৬ কোটি টাকার বেশি মূল্যের ক্রিস্টাল মেথ আইস ও ইয়াবা উদ্ধার

কক্সবাজারের টেকনাফের নাফ নদী সীমান্ত থেকে ৬ কোটি টাকার বেশি মূল্যের ক্রিস্টাল মেথ আইস ও ইয়াবা উদ্ধার করেছে বিজিবি। বিজিবি টেকনাফ-২ ব্যাটেলিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল শেখ খালিদ মোহাম্মদ ইফতেখার জানান, রোববার ভোরে উপজেলার নাফ নদীর জালিয়ার দ্বীপ এলাকা থেকে মাদকগুলো উদ্ধার করেন তারা। তবে পাচারকারীরা পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা যায়নি বলেও জানান তিনি।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

নাটোরে কলেজ শিক্ষিকা খাইরুন নাহারের মরদেহ উদ্ধার

নাটোরের গুরুদাসপুরে কলেজ ছাত্রকে বিয়ে করা শিক্ষিকা খায়রুন নাহারকে উদ্ধার করা হয়েছে। রোববার সকালে নাটোর শহরের বলারিপাড়া এলাকার ভাড়া বাসা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। খাইরুন নাহার গুরুদাসপুরের খুবজিপুর এমন এ হক ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক এবং মামুন নাটোর এন এস সরকারি কলেজের দ্বিতীয়বর্ষের ছাত্র। নাটোর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নাছিম আহমেদ গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, মরদেহ উদ্ধারের পর ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে। এরপর বিস্তারিত জানা যাবে।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

রাজশাহীতে উচ্চ স্বরে গান বাজাতে নিষেধ করায় ১ জনকে হত্যা; গ্রেফতার ৩

উচ্চস্বরে গান বাজাতে নিষেধ করায় রাজশাহী নগরীতে মুকুল আলী নামে এক ব্যক্তিকে হত্যা করার ঘটনায় প্রতিবেশী নাহিদ, তার বাবা বকুল আলী ও মা মোছাম্মৎ আমেনাকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‍্যাব। শনিবার চট্টগ্রামের সীতাকুণ্ডের ছলিমপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়েছে। আজ সিপিসি-৩ চাঁদগাও ক্যাম্পে সংবাদ সম্মেলন করে এই তথ্য জানান র‍্যাব-৭ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এম এ ইউসুফ।

(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

যারা সরকারের বিরুদ্ধে আন্দোলন করছে তাদের কাউকে যেন গ্রেফতার করা না হয় : প্রধানমন্ত্রী

ইউক্রেন-রাশিয়া যুদ্ধের ফলে নিষেধাজ্ঞা, পাল্টা নিষেধাজ্ঞা মানুষের জীবনে সর্বনাশ ডেকে এনেছে মন্তব্য করে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কেবল আমরাই ভুক্তভোগী নই, সারাবিশ্বের মানুষ ভুক্তভোগী। মানুষের যে কষ্ট হচ্ছে, সেটা আমরা উপলব্ধি করতে পারছি। সেই কষ্ট লাঘবের জন্য আমরা কী কী করা যায় তার জন্য প্রতিনিয়ত চেষ্টা করে যাচ্ছি। আমরা মানুষের কষ্টটা যে বুঝি না, তা নয়। রোববার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকদের সঙ্গে বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসময় তিনি বলেন, দেশের মানুষ যখনই ভালো থাকে তখনই একটি শ্রেণি ষড়যন্ত্রে লিপ্ত হয়। এ সময় বিএনপিসহ সরকার বিরোধী যেসব দল আন্দোলনের ডাক দিয়ে রাজপথে কর্মসূচি পালন করছে, তাদের যেন গ্রেফতার না করা হয় সে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আমাদের বিরোধী দল একটি সুযোগ পাচ্ছে। তারা আন্দোলন করবে করুক। আমি আজকেও নির্দেশ দিয়েছি খবরদার যারা আন্দোলন করছে, তাদের কাউকে যেন গ্রেফতার করা না হয়, ডিস্টার্ব করা না হয়। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ আসাদ ও নারগীস)

বাংলাদেশে বিচার-বহির্ভূত হত্যাকাণ্ড আগে হলেও এখন তা নেই : পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশে বিচার-বহির্ভূত হত্যা আগে হলেও এখন নেই বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেছেন, বিচার-বহির্ভূত হত্যার বিষয়ে কোনো তথ্য পেলে সরকার তা তদন্ত করবে। রোববার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ঢাকা সফররত জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার মিসেল ব্যাচেলেটের সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন ড. মোমেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, বিচার-বহির্ভূত হত্যার বিষয়ে তারা বলেনি। আমরা নিজে থেকেই বলেছি। এরকম বলা হয়েছে যে, কিছু লোককে কিলিং করা হয়েছে। বিচার-বহির্ভূত হত্যার বিষয় কোনো তথ্য পেলে তদন্ত করা হবে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ আসাদ ও নারগীস)

আমরা জ্বালানি তেলের দাম বাড়াইনি বরং সমন্বয় করেছি : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানিয়েছেন, তেলের দাম আমরা বাড়াইনি বরং সমন্বয় করেছি। আরও সমন্বয় করা হতে পারে। বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম আরও কমতে থাকলে দেশের সমন্বয় করা হবে। রোববার বিদ্যুৎ ভবনে বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা অস্থির বিশ্ববাজার শীর্ষক সেমিনারে তিনি এসব কথা

বলেন। প্রতিমন্ত্রী বলেন, সবাইকে বলব অন্তত এক-দুইটা মাস আপনারা ধৈর্য ধরেন। আমরা আশাবাদী তেলের মূল্য কমলে একটা ভালো সমন্বয় করে নিয়ে আসতে পারবো। আগামী মাসে লোডশেডিংও পুরোপুরি নিয়ন্ত্রণ নিয়ে আসতে পারবো। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ আসাদ ও নারগীস)

বঙ্গবন্ধুকে হত্যার দিন ভোরে জিয়াউর রহমান কেনো সুটেড বুটেট ছিলেন

তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডক্টর হাছান মাহমুদ বলেছেন, বঙ্গবন্ধু হত্যার দিন ভোরে জিয়াউর রহমান কেনো সুটেড বুটেড ছিলেন। তিনি কী তাহলে হত্যার ঘটনা শোনার অপেক্ষায় ছিলেন? যেখানে সেনাপতি হিসেবে বঙ্গবন্ধুকে রক্ষা করার কথা ছিল, তিনি তা না করে হত্যাকাণ্ডের বিষয়ে বলেছিলেন সো হোয়াট ভাইস প্রেসিডেন্ট ইজ দেয়ার। দুপুরে জাতীয় প্রেসক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া মিলনায়তনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ আসাদ ও নারগীস)

শোক দিবসে আলোচনা সভা-দোয়া মাহফিল করবেন বুয়েট শিক্ষার্থীরা

জাতীয় শোক দিবস পালনের ঘোষণা দিয়েছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটের সাধারণ শিক্ষার্থীরা। রোববার বুয়েট অডিটোরিয়ামের সামনে সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন তারা। শিক্ষার্থীরা বলেন, বুয়েট ক্যাম্পাসে রাজনৈতিক সংগঠনের কার্যক্রম নিষিদ্ধ হওয়ার পর থেকে শিক্ষার্থীদের আয়োজনে জাতীয় দিবসসমূহে নিয়মিত অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় ১৫ আগস্ট সোমবার বিকেল ৫টায় ক্যাফেটরিয়ায় সাধারণ শিক্ষার্থীদের আয়োজনে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্মরণ সভার আয়োজন করা হয়েছে।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও একজনের মৃত্যু

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে ভাইরাসটিতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ২৯ হাজার ৩১৩জনে। একই সময়ে ২২৬জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়ালো ২০ লাখ ৮ হাজার ৮৭০জন। বিকেলে স্বাস্থ্য অধিদফতরের করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা ১০০ ছাড়িয়েছে

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা ১০০ ছাড়িয়েছে। স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে, এ সময় দেশে ডেঙ্গুতে নতুন করে কারও মৃত্যু না হলেও সারাদেশে ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে ১১৬জন বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। সব মিলিয়ে সারাদেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হওয়া ডেঙ্গু রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৮৭জনে। রোববার সারাদেশের পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের নিয়মিত ডেঙ্গু বিষয়ক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এর আগের শনিবার ৯২জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

দেশব্যাপী ২,০১৩ জন ডিলারের মাধ্যমে খোলা বাজারে চাল বিক্রি করা হবে

আগামী ১ সেপ্টেম্বর থেকে দেশব্যাপি ২,০১৩ জন ডিলারের মাধ্যমে চাল খোলা বাজারে বিক্রি করা হবে। একই সঙ্গে ১৫ টাকা কেজি দরে চাল বিক্রির খাদ্যবান্ধব কর্মসূচিও শুরু হবে। রোববার সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার এই তথ্য জানান। খাদ্যবান্ধব কর্মসূচির পর বাজারে চালের দাম স্থিতিশীল অবস্থায় চলে আসবে জানিয়ে খাদ্যমন্ত্রী বলেন, আমরা ১ সেপ্টেম্বর থেকে ৫০ লাখ পরিবার বা ৪ কোটি মানুষের জন্য খাদ্যবান্ধব কর্মসূচি চালু করছি। ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি একসঙ্গে চালু হলে আমি মনে করি চালের দাম স্থিতিশীল অবস্থায় চলে আসবে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৪.০৮.২০২২ প্রতীক ও নারগীস)

BBC

41 DEAD IN EGYPT CHURCH FIRE

Dozens of people have died after a fire broke out at a church in Egypt, many of them crushed during a desperate scramble to escape. Officials say the number of dead is at least 41, with dozens injured. Children are believed to be among the dead. An electrical fire broke out as 5,000 worshippers gathered for Mass at the Coptic Abu Sifin church, security sources told Reuters. The fire blocked an entrance, causing a stampede, they said. Fire services say the blaze has been brought under control.
(BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

SALMAN RUSHDIE OFF VENTILATOR AND ABLE TO TALK

Author Salman Rushdie has been taken off a ventilator and can talk again, nearly two days after being stabbed. Mr Rushdie, 75, was attacked while speaking at an event in New York state and was in a critical condition. He has faced years of death threats for his novel The Satanic Verses, which some Muslims see as blasphemous. The man charged over Friday's

attack has pleaded not guilty to attempted murder, and has been remanded in custody without bail. (BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

GUNMAN INJURES EIGHT IN JERUSALEM SHOOTING

At least eight people have been injured after a gunman opened fire on a bus near the Western Wall in Jerusalem's Old City, Israeli officials say. The suspect opened fire as the pilgrims were returning from prayers at the holy site. Two people, including a pregnant woman, are in a critical condition. The gunman fled but is now said to have turned himself in. The Western Wall is one of the holiest sites in Judaism. Thousands travel to pray there every year. Israeli emergency services said the gunman targeted a bus near King David's Tomb and a car park near the Western Wall.
(BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

UKRAINE CONDEMNS RUSSIAN NUCLEAR BLACKMAIL

Ukrainian President Volodymyr Zelensky has accused Russia of using nuclear blackmail at the Zaporizhzhia nuclear power plant - Europe's largest. Russia seized the plant in March and has been accused of turning it into a base from where it hits nearby towns. Both countries have traded blame for shelling it in recent days, prompting UN warnings of a nuclear disaster. Mr Zelensky says any Russian soldier who shoots at or under the cover of the plant will be a special target. (BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

'WE ARE WAITING FOR RAIN, FOR WINTER, FOR GOD' - FIGHTING A MEGAFIRE IN FRANCE

Herve Trentin, a 34-year veteran of the Gironde fire department, stood on the edge of a charred section of forest wiping tears from his cheeks. It was the second time Trentin had cried that morning. I'm sorry, he said, composing himself. This is our forest. It is heart-breaking to watch it burn. Trentin and his small team were moving around an area south of the French city of Bordeaux, in the Gironde region, on Saturday morning, trying to stay ahead of a megafire. Their job was to burn the forest, to create firebreaks - a tactic they had trained for years to master and which put them in a small band of firefighters in the region capable of doing the job. (BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

SAUDI OIL GIANT BREAKS PROFIT RECORD WITH $48.4BN

Saudi oil giant Aramco has broken its own record with a $48.4bn profit for the second quarter of 2022. It is a 90% year-on-year increase and marks the biggest earnings for the world's largest energy exporter since its public listing three years ago. Russia's invasion of Ukraine has seen oil and gas prices skyrocket. Russia is one of the world's biggest exporters but Western nations have pledged to curb their dependence on the country for their energy needs. (BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

FEAR IN BANGLADESH AFTER HUGE FUEL PRICE RISE

Bangladesh, one of the world's fastest-growing economies, has raised fuel prices by more than 50% in just a week. It blames rising oil prices in the wake of the war in Ukraine. Thousands of people have taken to the streets in protest, as another South Asian nation faces a growing financial crisis. As he queues up to get petrol for the truck that he uses to transport vegetables, Mohammad Nurul Islam says he's scared that he may soon have to resort to begging. An unexpected rise in fuel prices in Bangladesh has seen petrol prices go from 86 taka a liter, to 130 taka. Diesel and kerosene have also risen by 42.5%.
(BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

TIGHT RACE FOR KENYA PRESIDENCY: OFFICIAL RESULTS

With almost half of the results from Kenya's presidential election now confirmed, the two main candidates are running neck and neck. Deputy President William Ruto has taken a slight lead over ex-Prime Minister Raila Odinga - 51% against 48%. The electoral commission head has admitted that announcing the result of Tuesday's election has been too slow. The verification of results has been stopped several times after complaints by supporters of the main candidates. On Saturday night, Mr Odinga's supporters entered a restricted area and accosted electoral officials, accusing them of tampering with the vote. (BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

THE PARTITION BAGGAGE FOR YOUNG INDIANS AND PAKISTANIS

"Some younger people are openly acknowledging that my family carries this and so do I".

The 1947 Partition created two newly-independent states - India and Pakistan - and triggered perhaps the biggest movement of people in history, outside war and famine. About

12 million people became refugees. Between half a million and a million people were killed in religious violence. As the two countries observe 75 years since their formation, the BBC's Nikita Mandhani spoke to young Indians and Pakistanis about how this history continues to impact them. (BBC : 2200+2300 hrs. 14.08.2022 Faruk & Nargis)

US CONGRESS TEAM FOLLOWS PELOSI TO TAIWAN

A US congressional delegation has arrived for an unannounced visit to Taiwan, 12 days after a tour of the island by House Speaker Nancy Pelosi. Five members of Congress will visit until Monday, said Washington's de-facto embassy in the capital Taipei. China launched its largest-ever military exercises around Taiwan after Ms Pelosi's visit earlier in August. Beijing sees the self-governing island as its own, renegade territory that must be reunited with the mainland. (BBC : 0600 hrs. 15.08.2022 Faruk & Nargis)

MALI JUNTA ALLOWS UN FORCE TO SEND NEW TROOPS

The military-led government in Mali has agreed to allow the United Nations peacekeeping mission in the country to resume its rotations of international troops. These were suspended last month following a row with Ivory Coast after the security services arrested around 50 Ivorian soldiers at the main airport, for reasons of national security. Ten nations contribute troops to the UN force, known as Minusma. On Friday Germany suspended some of its military operations after Mali withheld a flight clearance. As it battles jihadists, the junta has increased its cooperation with Moscow, straining relations with the UN.
(BBC : 0600 hrs. 15.08.2022 Faruk & Nargis)

FINAL DAY OF EXTREME HEAT WITH THUNDER ON WAY IN UK

Much of the UK has been experiencing another day of high temperatures - but the spell of extreme hot weather is due to come to an end with thunderstorms. Rain and lower temperatures are forecast for Sunday in Scotland and Northern Ireland, spreading into parts of England and Wales on Monday. A Met Office amber warning for extreme heat remains in place until midnight. Experts have warned a lengthy period of rain would be needed to end the drought declared in parts of England on Friday.
(BBC : 0600 hrs. 15.08.2022 Faruk & Nargis)

MORE THAN 20,000 MIGRANTS CROSS ENGLISH CHANNEL THIS YEAR

More than 20,000 people have crossed the English Channel in small boats this year, the Ministry of Defence has confirmed. On Saturday 607 made the crossing in 14 boats - the third time the total has exceeded 600 in 2022. There were 28,526 crossings detected in 2021. By this point last year, just over 11,300 crossings had been made. In April, the government announced plans to send some asylum seekers to Rwanda in a bid to deter migrants. (BBC : 0600 hrs. 15.08.2022 Faruk & Nargis)

TRIBUTES FOR INDIAN STOCK MARKET KING JHUNJHUNWALA

Tributes are pouring in for Indian billionaire Rakesh Jhunjhunwala who has died at the age of 62. Jhunjhunwala, who made a fortune from the stock market, died on Sunday at a hospital in Mumbai city. The cause of death has not been officially confirmed yet, but the BBC has learnt that it was kidney failure. Often called India's Warren Buffett, Jhunjhunwala had an estimated net worth of around $5.8bn, according to Forbes magazine. He was part of a generation of investors who benefited from the historic 1991 reforms, which opened up India's economy. (BBC : 0600 hrs. 15.08.2022 Faruk & Nargis)

::THE END::